আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তিনি বললেন, পরওয়ারদেগার! কেমন করে আমার সন্তান হবে; আমাকে তো কোন মানুষ স্পর্শ করেনি। বললেন এ ভাবেই আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন। যখন কোন কাজ করার জন্য ইচ্ছা করেন তখন বলেন যে, 'হয়ে যাও' অমনি তা হয়ে যায়।

সুরা আল ইমরান ৪৭

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ১৪ জুন ২০২৬ ॥ ২৭ জিলহজ্জ ১৪৪৭ ॥ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ০৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

বাজেটে মদ-সিগারেটের ট্যাক্স বাড়ানোয় বিরোধীদল নাখোশ

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, আগামী বাজেটে মদ-সিগারেট ও বিলাসী পণ্যের ওপর ট্যাক্স বাড়ানোর কারণে ২ এর পাতায় দেখুন

সামাজিক দায়বদ্ধতার শিক্ষা আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, মানবিক মূল্যবোধ, সামাজিক দায়বদ্ধতা এবং সহমর্মিতার যে শিক্ষা ২ এর পাতায় দেখুন



দিনেশ ত্রিবেদীর বক্তব্য স্পষ্ট না হলে জনমনে বিভ্রান্তি তৈরি হবে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে নবনিযুক্ত ভারতীয় হাইকমিশনার দিনেশ ত্রিবেদীর বক্তব্যের বিষয়ে সরকারের সুরাহা চেয়েছেন জামায়াতের ২ এর পাতায় দেখুন

প্রস্তাবিত বাজেট মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনে সক্ষম নয়

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন ২ এর পাতায় দেখুন

বছরে নিষ্পত্তি ৯৬ শতাংশ মামলা

বরিশালে জনপ্রিয় হচ্ছে গ্রাম আদালত

কীর্তনখোলা রিপোর্ট

৫ আগস্টের পর বরিশাল জেলার ১০ উপজেলার ৮৮টি ইউনিয়ন পরিষদে আবার জনপ্রিয় হচ্ছে গ্রাম আদালতের কার্যক্রম। গত ১৬ বছরে দলীয় প্রভাবের কারণে এর কার্যক্রম তলানিতে নেমেছিল। বিনা মূল্যে বাড়ির দুয়ারে বসে বিরোধের ন্যায়ভিত্তিক বিচার পেয়ে খুশি গ্রামীণ জনগোষ্ঠী। জেলা প্রশাসন এই প্রক্রিয়াকে আরও প্রাণবন্ত করার কথা বলেছে। গত এক বছরে বরিশালের ১০ উপজেলার ৮৮টি ইউনিয়ন পরিষদের গ্রাম্য আদালতে ১৯৮২টি অভিযোগ দায়ের করা হয়। ৫ আগস্টের পর থেকে এ পর্যন্ত এসব অভিযোগের মধ্যে নিষ্পিতিকৃত মামলার হার ৯৬ ভাগ। বাস্তবায়িত সিদ্ধান্তের হার ৯৭ দশমিক ৮৬, ক্ষতিপূরণ আদায় ২ কোটি ৯৩ লাখ ৯৩ হাজার ৪৮৫ টাকা। এক বছরে মামলার জন্য আবেদন করেছে ৪৪০ জন নারী। এর মধ্যে উচ্চ আদালত থেকে পাঠানো হয়েছে ৫৪টি মামলা। বাংলাদেশে গ্রাম আদালত তৃতীয় পর্যায় প্রকল্পের জেলা ব্যবস্থাপক কমল ব্যানার্জি তাদের দেওয়া তথ্যে জানান, বরিশালের ১০ উপজেলার মধ্যে বানারীপাড়া উপজেলায় ২.৬ শতাংশ, হিজলায় ৩.০, মুলাদীতে ৩.০, বরিশাল সদরে ৩.৫, মেহেন্দিগঞ্জে ৩.৬, গৌরনদীতে ৩.৭, আগৈলঝাড়ায় ৪.০, বাকেরগঞ্জে ৪.১, বাবুগঞ্জে ৪.৩, উজিরপুরে ৫.৫ শতাংশ করে মামলা গ্রহণ করা হয়েছে। তিনি জানান, মাঠ পর্যায়ে উঠান বৈঠক করা হচ্ছে, চেয়ারম্যান মেম্বর, হিসাব সহকারীদের প্রশিক্ষণ দিচ্ছে। প্রান্তিক পর্যায়ে এখনও অনেকে জানে না। তাই এই সম্পর্কে মানুষকে আরও জানাতে বেশি বেশি প্রচার-প্রচারণা দরকার। এতে করে গ্রাম আদালত আরও ত্বরান্বিত হবে। আমরা বিভিন্ন জেলা-উপজেলায় প্রচার-প্রচারণার জন্য কাজ করে যাচ্ছি। এ বিষয়ে বরিশালের জেলা প্রশাসক মো. খাইরুল আলম সুমন বলেন, উপজেলা পর্যায়ে ক্যাম্প করে প্রচার আরও বাড়ানো হবে। যেসব এলাকায় মামলা বেশি সেসব এলাকায় আমাদের প্রতিনিধির ২ এর পাতায় দেখুন

বাংলাদেশি জাতীয়তাবাদই আমাদের সাংস্কৃতিক স্বকীয়তার মূল ভিত্তি

তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বাংলাদেশি জাতীয়তাবাদই আমাদের সাংস্কৃতিক ও ঐতিহাসিক স্বকীয়তার মূল ভিত্তি। তিনি বলেন, '৫৬ হাজার বর্গমাইলের ভৌগোলিক সীমানার বাইরেও অনেকে বাংলায় কথা বলতে পারেন, তবে আমাদের মনোজগত ও সংস্কৃতির মধ্যে একটি মৌলিক ঐতিহাসিক পার্থক্য রয়েছে। এই পার্থক্যকে যারা আড়াল করতে চান তারা হয় বোকা, না হয় কোনো সুদূরপ্রসারী দুরভিসন্ধি নিয়ে কাজ করছেন। গতকাল শনিবার সকালে রাজধানীর কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটের মুক্তিযোদ্ধা হলে 'দেশ পুনর্গঠনে স্বাক্ষরিত জুলাই সনদের বাস্তবায়ন' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির ২ এর পাতায় দেখুন

হাম ও হামের উপসর্গে মৃত্যু ৬৪৮

কীর্তনখোলা ডেস্ক

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম সন্দেহে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৫৬ জনে। একই সঙ্গে নিশ্চিত হামে মারা গেছে ৯২ শিশু। সবমিলিয়ে হাম ও হামের উপসর্গে মারা গেছেন ৬৪৮ জন। শনিবার (১২ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হাম রোগে মৃত্যু হয়েছে পাঁচজনের। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৯২ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৫৫৬ জন। সব মিলিয়ে হাম-সংক্রান্ত রোগে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৬৪৮ জনে। ২ এর পাতায় দেখুন

শিক্ষা, স্বাস্থ্য ও দারিদ্র্য বিমোচনে কাজ করছে সরকার: সরোয়ার

কীর্তনখোলা রিপোর্ট

দুস্থ, অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে। শনিবার (১৩ জুন) দুপুরে বরিশাল সদর উপজেলা অডিটরিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে প্রায় ৫ শতাধিক পরিবারের মাঝে মোট ১০ লাখ টাকার চেক হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চেক বিতরণ করেন বরিশাল সদর আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মো. মজিবর রহমান সরোয়ার। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সমাজের পিছিয়ে পড়া, অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে কাজ করা আমাদের নৈতিক ও সামাজিক দায়িত্ব। এই ধরনের সহায়তা কর্মসূচিতে অংশ নিতে পেরে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি আরও বলেন, এই ২ এর পাতায় দেখুন

বাসের ধাক্কায় প্রাণ গেলো আইসক্রিম বিক্রেতার

গৌরনদী প্রতিনিধি

বরিশালের ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদীতে যাত্রীবাহী বাসের সঙ্গে ভ্যানের মুখোমুখি সংঘর্ষে আইসক্রিম বিক্রেতা বাবু লাল বিশ্বাস (৪০) নিহত হয়েছেন। শনিবার (১৩ জুন) সকাল পৌনে দশটার দিকে মহাসড়কের আশোকাঠী সারমিন ক্লিনিকের সামনে এই দুর্ঘটনা ঘটে। নিহত বাবু লাল উজিরপুরের জামবাড়ি এলাকার সুকান্ত বিশ্বাসের ছেলে। তিনি ভ্যানযোগে গৌরনদীতে আইসক্রিম বিক্রি করতে এসেছিলেন। বিষয়টি নিশ্চিত করে গৌরনদী হাইওয়ে থানার ওসি মো. মহসীন জানান, রাস্তা পারাপারের সময় ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রী তারেক রহমানের উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি পালন

আগৈলঝাড়া প্রতিনিধি

প্রধানমন্ত্রী তারেক রহমান'র বৃক্ষরোপন কর্মসূচির পালনের অংশ হিসেবে বরিশালের আগৈলঝাড়া উপজেলা বৃক্ষ রোপন কর্মসূচি পালন করা হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে ১৩/৬/২০২৬ ইং সকালে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে বৃক্ষরোপন কর্মসূচী শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অয়ন সাহা, উপজেলা বিএনপি'সদস্য সচিব মোল্লা বশির আহম্মেদ পান্না, যুগ্ন-আহবায়ক শাহ মোহাম্মাদ বখতিয়ার, সরোয়ার হোসেন মিয়া, আবুল মোল্লা, এনায়েত হোসেন খান মনু, গৈলা ইউনিয়ন ২ এর পাতায় দেখুন

স্বামীর দ্বিতীয় বিয়ে মেনে নিতে না পেরে গৃহবধূর আত্মহত্যা

বরগুনা প্রতিনিধি

বরগুনা সদর উপজেলার লেমুয়া গ্রামে স্বামীর দ্বিতীয় বিয়ের খবর মেনে নিতে না পেরে কণা (২৭) নামে এক গৃহবধূ আত্মহত্যা করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। শুক্রবার (১২ জুন) রাতে নিজ ঘরে গলায় ফাঁস দিয়ে তিনি আত্মহত্যা করেন। নিহত কণা বরগুনা সদর উপজেলার সোনার বাংলা গ্রামের মো. নজরুল ইসলামের মেয়ে। ১১ বছর আগে লেমুয়া গ্রামের মৃত আজীজ সিকদারের ছেলে মো. সাইফুল ইসলাম কিচলুর সঙ্গে তার বিয়ে হয়। তাদের ১০ বছর বয়সী এক ছেলে সন্তান রয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বিয়ের পর থেকে তাদের সংসার ভালোই চলছিল। কিন্তু সম্প্রতি সাইফুল ইসলাম কিচলু গোপনে দ্বিতীয় বিয়ে করেছেন- এমন তথ্য জানার পর থেকেই তাদের মধ্যে ২ এর পাতায় দেখুন

বরগুনার সন্ত্রাসী ও মাদক কারবারি বস্তি কালু গণপিটুনিতে নিহত

বরগুনা প্রতিনিধি

বরগুনা সদর উপজেলায় ইউপি সদস্যকে কুপিয়ে আহত করার ঘটনার জেরে গণপিটুনিতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। শুক্রবার (১২ জুন) বিকেল ৫টার দিকে উপজেলার বদরখালী ইউনিয়নের পাতাকাটা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তির নাম ইব্রাহিম হোসেন কালু। পুলিশ জানিয়েছে, তিনি স্থানীয়ভাবে একটি সন্ত্রাসী বাহিনীর প্রধান হিসেবে পরিচিত ছিলেন এবং তার বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। সূত্রে জানা গেছে, ইব্রাহিম হোসেন কালু সম্প্রতি জামিনে কারাগার থেকে বের হয়ে এলাকায় আবারও অপরাধমূলক কর্মকাণ্ড শুরু করেন। এতে বাধা দেন স্থানীয় ইউপি সদস্য গোলাম মোস্তফা। এর জেরে শুক্রবার দুপুরে দুর্বৃত্তরা ইউপি সদস্য গোলাম মোস্তফাকে কুপিয়ে গুরুতর জখম করে। এই ঘটনার পর ক্ষুব্ধ গ্রামবাসী কালু ও তার সহযোগীদের ধাওয়া করে। এক পর্যায়ে গণপিটুনিতে ইব্রাহিম হোসেন কালুর মৃত্যু হয়। এ সময় তার সহযোগী তৌহিদ গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে বরগুনা সদর হাসপাতালে ভর্তি করা হয় এবং উন্নত চিকিৎসার জন্য বরিশালে স্থানান্তর করা হয়। বরগুনা সদর থানার অফিসার ইনচার্জ মো. আব্দুল আলীম বলেন, নিহত কালুর বিরুদ্ধে মাদক ও ডাকাতিসহ ১৩১৪টি মামলা রয়েছে। তিনি একটি সন্ত্রাসী বাহিনী গড়ে তুলে এলাকায় অপরাধমূলক কর্মকাণ্ড চালিয়ে আসছিলেন। চলতি বছরের ফেব্রুয়ারিতে তিনি ২ এর পাতায় দেখুন



সদরঘাটে লঞ্চ দুর্ঘটনা

নিহত পরিবারের হাতে ৫ লাখ টাকা তুলে দিলেন নৌপ্রতিমন্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট

ঈদুল ফিতরে বাড়ি ফেরার পথে ঢাকা সদরঘাটে লঞ্চ দুর্ঘটনায় নিহত মেহেন্দিগঞ্জ উপজেলার বাসিন্দা সোহেল ফকিরের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। শনিবার (১৩ জুন) সকালে মেহেন্দিগঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে নিহতদের স্বজনদের হাতে ৫ লাখ টাকার চেক তুলে দেন নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান। এর মধ্যে নিহত সোহেল ফকিরের মায়ের হাতে আড়াই লাখ এবং স্ত্রীকে আড়াই লাখ টাকা দেওয়া হয়েছে। এছাড়াও নিহতের পরিবারের জন্য আরও ২৫ লাখ টাকা সহায়তা দেওয়া হবে বলে জানান প্রতিমন্ত্রী রাজিব আহসান। প্রতিমন্ত্রী বলেন, দুর্ঘটনায় স্বজন হারানোর শোক কখনোই পূরণ হওয়ার নয়। তবে ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতি সহমর্মিতা ২ এর পাতায় দেখুন

আজ থেকে বরিশালসহ পাঁচ জেলায় পরিবহন ধর্মঘট

কীর্তনখোলা রিপোর্ট

মহাসড়কে অবৈধ থ্রি-হুইলার চলাচল বন্ধসহ তিন দফা দাবিতে খুলনা ও বরিশাল বিভাগের পাঁচ জেলায় অনির্দিষ্টকালের পরিবহন ধর্মঘটের ডাক দিয়েছে বাস মালিক সমিতি ও শ্রমিক ইউনিয়ন। আজ রোববার থেকে এ ধর্মঘট শুরু হবে বলে জানিয়েছেন নেতারা। বাগেরহাট আন্তঃজেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস মালিক সমিতির সাধারণ সম্পাদক ফকির শহীদুল ইসলাম জানান, ধর্মঘটের আওতায় থাকবে বাগেরহাট, খুলনা, পিরোজপুর, ঝালকাঠি ও বরিশাল জেলা। ফকির শহীদুল ইসলাম বলেন, 'খুলনা ও বরিশাল বিভাগের সড়কগুলোতে অনুমোদনহীন অতিরিক্ত বিআরটিসি ও লিজ নেওয়া বাস চলাচল করছে। মহাসড়কে অবৈধ থ্রি-হুইলার অবাধে চলাচল করায় পরিবহন খাতে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। এসব বিষয়ে প্রশাসনকে বারবার অবহিত করা হলেও কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি।' তিনি আরও জানান, ধর্মঘট শুরু হলে পাঁচ জেলায় সব ধরনের যাত্রীবাহী পরিবহন চলাচল বন্ধ থাকবে। যে তিন দাবিতে ধর্মঘটের ডাক ১. সরকারি নীতিমালা লঙ্ঘন করে অনুমোদনের বাইরে অতিরিক্ত বিআরটিসি ও লিজকৃত গাড়ি চলাচল বন্ধ করা এবং নীতিমালা ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বাজেট নিয়ে মিশ্র প্রতিক্রিয়া

২০২৬-২৭ অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট দিয়েছেন বিএনপি জোট সরকারের অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। গত বৃহস্পতিবার বাজেট ঘোষণার পরপরই শুরু হয়ে যায় পক্ষে-বিপক্ষে প্রতিক্রিয়া প্রকাশ। প্রধান বিরোধী দল বাংলাদেশ জামায়াতে ইসলামী প্রস্তাবিত বাজেটকে ‘গণবিরোধী ও লুটপাটের’ বাজেট অভিহিত করে বৃহস্পতিবার সন্ধ্যায়ই মিছিল ও সমাবেশ করেছে। অর্থনীতিবিদরা বাজেটের অগ্রাধিকার নির্ধারণের প্রশংসা করে বাজেট বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করেছেন। কেউ কেউ বাজেটের বাস্তবায়ন সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছেন। দেশে বিনিয়োগে গতি নেই। প্রয়োজন অনুযায়ী কর্মসংস্থান তৈরি হচ্ছে না। নানা প্রতিকূলতায় শত শত কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। লাখ লাখ শ্রমিক বেকার হচ্ছে। এমন পরিস্থিতিতে বিপর্যস্ত অর্থনীতির গতি ফেরাতে বড় বাজেটের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। আর বড় ব্যয় নির্বাহের জন্য বড় রাজস্ব আয় করাও জরুরি। বিশেষজ্ঞরা মনে করছেন, সমস্যাটা মূলত সেখানেই। ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে রাজস্ব আয়ের লক্ষ্য ধরা হয়েছে ছয় লাখ ৯৫ হাজার কোটি টাকা, যাকে রীতিমতো অবিশ্বাস্য মনে করা হচ্ছে। কারণ চলতি অর্থবছরে রাজস্ব আয়ের লক্ষ্য এর তুলনায় প্রায় ২৩ শতাংশ কম হওয়া সত্ত্বেও তা অর্জনে বড় ঘাটতি রয়ে গেছে। প্রথম ১০ মাসে রাজস্ব আয়ের ঘাটতি এক লাখ কোটি টাকা ছাড়িয়ে গেছে। তাই রাজস্ব আয়ের লক্ষ্য অর্জনে বড় ঘাটতি থাকবে বলেই মনে করছেন অর্থনীতিবিদরা। রাজস্ব আয়ের উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রা সত্ত্বেও বাজেটে ঘাটতি রয়েছে দুই লাখ ৪৩ হাজার কোটি টাকা, যা জিডিপির প্রায় ৩.৬ শতাংশ। এই ঘাটতি পূরণে অভ্যন্তরীণ ও বৈদেশিক উভয় উৎস থেকেই ঋণ নেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। অভ্যন্তরীণ উৎস থেকে এক লাখ ২৭ হাজার কোটি টাকা এবং বৈদেশিক উৎস থেকে এক লাখ ১৬ হাজার কোটি টাকা সংগ্রহের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। অভ্যন্তরীণ ঋণের বড় অংশ এক লাখ ১২ হাজার কোটি টাকা নেওয়া হবে ব্যাংকিং খাত থেকে। অর্থনীতিবিদরা বলছেন, এর ফলে বেসরকারি খাতে ঋণপ্রবাহ আরো চাপে পড়বে। বেসরকারি খাতে ঋণপ্রবাহ বর্তমানে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে, তাতে আরো বেশি চাপ সৃষ্টি হলে তা বিনিয়োগ-কর্মসংস্থানে বড় ধরনের নেতিবাচক প্রভাব ফেলবে। অর্থনীতিবিদরা মনে করেন, উচ্চ মূল্যস্ফীতি, নিম্নমুখী প্রবৃদ্ধি, দুর্বল বিনিয়োগ পরিবেশ এবং কর্মসংস্থান সংকটসহ বহুমাত্রিক চ্যালেঞ্জের মুখোমুখি দেশের অর্থনীতি। এমন বাস্তবতায় বাজেটে সরকারের অগ্রাধিকার নির্ধারণ মোটের ওপর সঠিক হয়েছে, তবে এর সফলতা নির্ভর করবে বাস্তবায়ন সক্ষমতার ওপর। তাঁদের মতে, তিনটি বড় চ্যালেঞ্জের প্রেক্ষাপটে এই বাজেট তৈরি হয়েছে। প্রথমত, বৈদেশিক খাতের কয়েকটি সূচক ছাড়া প্রায় সব সামষ্টিক অর্থনৈতিক সূচকই ছিল চাপে। দ্বিতীয়ত, নতুন সরকার জনগণের প্রত্যাশা ও নির্বাচনী প্রতিশ্রুতির আলোকে বাজেট প্রণয়নে চাপের মুখে ছিল। তৃতীয়ত, মধ্যপ্রাচ্যের সংঘাতের প্রভাবে বিদ্যুৎ ও জ্বালানির মূল্য সমন্বয়ের মতো কঠিন সিদ্ধান্তও সরকারকে নিতে হয়েছে।

প্রস্তাবিত বাজেট মানুষের

প্রস্তাবিত বাজেট দেশের মানুষের অর্থনৈতিক অবস্থার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন আনতে সক্ষম হবে না। শনিবার (১৩ জুন) বিকেলে চট্টগ্রাম নগরের লালদীঘি ময়দানে ১১ দলীয় ঐক্যের উদ্যোগে আয়োজিত এক মহাসমাবেশে তিনি এ কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, সরকার দুর্নীতি ও অপচয়ের পথ বন্ধ করতে পারেনি। তার দাবি, জনগণের উন্নয়নের জন্য কতটা অর্থ বরাদ্দ রাখা হয়েছে, তা স্পষ্ট নয়। বাজেটের সমালোচনা করে তিনি বলেন, আমরা চেয়েছিলাম বাজেটের প্রশংসা করতে। কিন্তু এই বাজেট বাংলাদেশের মানুষের অর্থনৈতিক কোনো পরিবর্তন আনতে পারবে না। এনসিপির এই নেতা বলেন, জনগণকে যেসব প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে, সেগুলো বাস্তবায়ন কঠিন হবে। বাজেট বাস্তবায়নের জন্য সরকারকে বৈদেশিক ঋণের ওপর নির্ভর করতে হতে পারে বলেও মন্তব্য করেন তিনি। বিদ্যুৎ খাতের প্রসঙ্গ টেনে নাহিদ ইসলাম বলেন, বিদ্যুতের দাম বেড়েছে এবং গ্রামাঞ্চলে এখনো বিদ্যুৎ সরবরাহের সমস্যা রয়েছে। রাষ্ট্র সংস্কারের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তিনি বলেন, দেশের পরিবর্তনের জন্য গণরায়ের ভিত্তিতে সরকার পরিচালনা এবং পুলিশসহ বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সংস্কার প্রয়োজন। সমাবেশে তিনি চট্টগ্রামে জাতীয় দলের ক্রিকেটার নাঈম হাসানকে হেনস্তার অভিযোগের ঘটনাও উল্লেখ করেন। পাশাপাশি সীমান্তে হত্যাকাণ্ড বন্ধ এবং রাষ্ট্র পরিচালনায় জবাবদিহি নিশ্চিত করার দাবি জানান। লালদীঘি ময়দানে আয়োজিত সমাবেশে ১১ দলীয় ঐক্যের নেতারা বক্তব্য দেন।

দিনেশ ত্রিবেদীর বক্তব্য

আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। শনিবার (১৩ জুন) দুপুরের জামায়াত আমির নিজের ফেসবুক পোস্টে এ মন্তব্য করেন। ফেসবুক পোস্টে তিনি লেখেন, ‘গতকাল বাংলাদেশে নতুন ভারতীয় হাইকমিশনার দিনেশ ত্রিবেদী পৌঁছানোর পর তার একটি বক্তব্য আমাদের দৃষ্টিগোচর হয়েছে। তিনি ‘‘ভারত-বাংলাদেশের এক হয়ে যাওয়া’’ বলতে কী বুঝিয়েছেন, আমাদের সরকারের উচিত হবে তার কাছ থেকে তা জেনে নেওয়া।’ ফেসবুক পোস্টে জামায়াত আমির আরও বলেন, ‘ভারত যেমন একটি স্বাধীন দেশ, বাংলাদেশও তেমনি একটি স্বাধীন দেশ। তার এ বক্তব্য স্পষ্ট না হলে জনমনে বিভ্রান্তি তৈরি হবে।’ তিনি আরও বলেন, ‘আমরা আমাদের সরকারের কাছে বিষয়টির সুরাহা চাই। যদি তিনি আক্ষরিক অর্থে এ ধরনের কিছু বুঝিয়ে থাকেন, তাহলে অবশ্যই তা নিন্দনীয়। বিষয়টি স্পষ্ট হওয়া দরকার।’

সামাজিক দায়বদ্ধতার শিক্ষা

লায়ন্স ইন্টারন্যাশনাল দিয়ে যাচ্ছে, তা আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে। শনিবার (১৩ জুন) রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত ‘লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল ৩৯ মাল্টিপল ডিসট্রিক্ট কনভেনশন ২০২৬’ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, “আজকের এই কনভেনশন শুধু একটি আনুষ্ঠানিক আয়োজন নয়। এটি সেবার আদর্শকে আরও শক্তিশালী, সুসংগঠিত এবং গতিশীল করার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। এখানে বিভিন্ন জেলার সেবামূলক কার্যক্রমের মূল্যায়ন, অভিজ্ঞতা বিনিময় এবং ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণের মাধ্যমে সমাজসেবার নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।” স্পিকার আশা প্রকাশ করে বলেন, এই কনভেনশন থেকে নতুন নেতৃত্ব, নতুন পরিকল্পনা ও নতুন উদ্যমের সৃষ্টি হবে, যা আগামী দিনের সেবার পরিধিকে আরও বিস্তৃত করবে এবং মানবকল্যাণের নতুন দিগন্ত উন্মোচন করবে। কনভেনশনের সার্বিক সাফল্য কামনা করে তিনি বলেন, “আমি একটি জিনিস দেখে অত্যন্ত আনন্দিত হয়েছি। আপনাদের মধ্যে চমৎকার সৌহার্দ্য রয়েছে এবং আপনারা যেভাবে একজন আরেকজনকে গ্রহণ করেন, তা সত্যিই প্রশংসনীয়। লায়ন্স ইন্টারন্যাশনাল একটি চমৎকার ঐক্যবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশে নিজেদের প্রতিষ্ঠিত করেছে। সেজন্য আপনাদের সবাইকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।” স্পিকার আরও বলেন, ইন্টারন্যাশনালের ১৬ জন ডিরেক্টরের মধ্যে একজন বাংলাদেশি প্রতিনিধি রয়েছেন, যিনি সেখানে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছেন। আজকের কাউন্সিল চেয়ারম্যান আশরাফ হোসাইনও অত্যন্ত চমৎকারভাবে অনুষ্ঠান আয়োজন ও পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।” লায়ন্স ক্লাবের সদস্যদেরও অভিনন্দন জানিয়ে তিনি বলেন, “অত্যন্ত আনন্দঘন পরিবেশে আপনারা এখানে মিলিত হয়েছেন। সারাদিন পারস্পরিক শ্রদ্ধাবোধ ও সৌহার্দ্যের মধ্য দিয়ে সময় কাটাবেন, এটাই কামনা করি। নিশ্চয়ই এখানে এসে আপনারা সবাই আনন্দিত হয়েছেন।”

বাজেটে মদ-সিগারেটের

বিরোধীদল চরমভাবে নাখোশ হয়েছে। তারা এ বাজেট মানে না দাবি করে মিছিল সমাবেশ করছে। কিন্তু নিত্যপ্রয়োজনীয় ৩৭টি পণ্যে ট্যাক্স কমানো হলো, সেটা তারা কোথাও বলছে না। এতে কী বোঝা যায়, সাধারণ মানুষ নয়- বিশেষ কিছু শ্রেণির স্বার্থই তাদের কাছে বড়। শনিবার (১৩ জুন) কক্সবাজার সদরের পিএমখালীর পাতলী খাল পুনঃখনন উদ্বোধন শেষে আয়োজিত পথসভায় প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সদর উপজেলা বিএনপির আহ্বায়ক সুবেদার মেজর আবদুল মাবুদের সভাপতিত্বে ও সদস্যসচিব সাবেক চেয়ারম্যান গিয়াস উদ্দিন জিকুর সঞ্চালনায় পথসভায় প্রধানমন্ত্রী আরও বলেন, বিরোধীদলের অযৌক্তিক বিরোধিতায় আমরা কান দিচ্ছি না। সাধারণ জনগণের স্বার্থরক্ষা, প্রত্যন্ত অঞ্চলের সকল জমিকে আবাদ যোগ্য করে দেশের খাদ্য উৎপাদন বাড়িয়ে স্বাবলম্বী হওয়া নিশ্চিত করা আমাদের সরকারের প্রধান লক্ষ্য। অর্ধশত বছর আগে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান পাতলী খাল খনন করে চাষাবাদ বাড়িয়েছেন। মাঝে খালটি নাব্যতা হারানোর পাশাপাশি বেদখল হয়েছে। এখন পুনঃখনন হচ্ছে, আবারো পূর্বের মতো আবাদের সুযোগ আসবে। এভাবে সারা বাংলাদেশে ৪০ হাজার মিটার খাল খনন হলে চাষাবাদের সহজলভ্যতা বাড়বে। কৃষক লাভবান হলে দেশ লাভবান হবে। দেশ লাভবান হলে স্বনির্ভরতা আসবে বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

বরগুনার সন্ত্রাসী ও মাদক কারবারি

গ্রেফতার হয়েছিলেন। জামিনে বের হয়েই তিনি ইউপি সদস্যকে কুপিয়ে জখম করেন, এরপর গণপিটুনিতে তার মৃত্যু

বাসের ধাক্কায় প্রাণ গেল

ঢাকাগামী হানিফ পরিবহনের একটি বাসের সঙ্গে ভ্যানের মুখোমুখি সংঘর্ষে ভ্যানচালক বাবু লাল গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে পার্শ্ববর্তী উপজেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। ওসি জানান, দুর্ঘটনা কবলিত বাস ও ভ্যান জব্দ করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

প্রধানমন্ত্রী তারেক রহমানের

বিএনপি’সদস্য সচিব মো.বদিউজ্জামান সরল ও উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ন-আহবায়ক আবু বকর ছিদ্দিক প্রমুখ। উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে ৫টি ইউনিয়নে প্রায় ১ হাজার ২শত গাছ রোপন করা হবে জানিয়েছেন কতৃপক্ষ।

স্বামীর দ্বিতীয় বিয়ে

পারিবারিক কলহ শুরু হয়। ঘটনার সময় সাইফুল ঢাকায় অবস্থান করছিলেন। শনিবার সকালে ঘরের ভেতর কণার ঝুলন্ত মরদেহ দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেয়। পরে দুপুর ১২টার দিকে পুলিশ মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। মৃত্যুর আগে স্বামীকে উদ্দেশ্য করে কণা একটি আবেগঘন চিঠি লিখে গেছেন। চিঠিতে তিনি লেখেন, মা-বাবা ছেড়ে একটা মেয়ে স্বামীর ঘরে আসে শান্তির জন্য। আমার বড় আশা ছিল তোমার সঙ্গে ঢাকায় থাকার, আমার সেই আশা পূরণ হলো না। আজ জানতে পারলাম তুমি আমার কাছ থেকে অনেক কিছু গোপন করেছো। তুমি আর সাহিদার (দ্বিতীয় স্ত্রী) জীবন সুখের হোক, আমি এই দোয়া করি। ১০ বছর তোমাদের জীবনের পথের কাঁটা তোমার কণা আজ হারিয়ে গেল। একটা মেয়ে সব দিতে পারে, কিন্তু স্বামীর ভাগ দিতে পারে না। তিনি আরও লেখেন, তুমি আমাকে মাপ করে দিও। আমার কারো কাছে কোনো দাবি নাই। কিন্তু একটাই অনুরোধ তোমার দ্বিতীয় ঘরের সন্তান শাহরিয়ারকে তোমার বুক ভরা ভালোবাসা দিও, ওই ভাবে আমার ইয়ামিনকেও ভালোবাসা দিও। আমার সন্তান বাবার আদর পায় নাই। ও আজ একা হয়ে গেল। তুমি আর সাহিদা সুখে থেক। তোমাদের পথের কাঁটা দূর হয়ে গেলাম। আমাকে তুমি মাপ করে দিও। ইতি তোমার ভালোবাসার কাঙ্গাল (কণা)। এ বিষয়ে বরগুনা থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল আলীম বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে বরগুনা জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে- এটি আত্মহত্যা। তারপরও ময়নাতদন্ত রিপোর্ট এবং তদন্ত সাপেক্ষে সুনির্দিষ্ট কারণ জানা যাবে।

হাম ও হামের উপসর্গে

প্রতিবেদনে উল্লেখিত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৬৩ জনের। এসময়ে সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৭৬৩ জন। গত ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ১০ হাজার ২৪৮ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৮৪ হাজার ৮৯৯ জন। একই সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৬৯ হাজার ৬০৬ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ৬৫ হাজার ৮৫২ জন।

বাংলাদেশি জাতীয়তাবাদই আমাদের

বক্তব্যে তিনি এসব কথা বলেন। ‘সবার আগে বাংলাদেশ’ স্লোগান নিয়ে রাষ্ট্র মেরামতের লক্ষ্যে গঠিত নতুন আত্মপ্রকাশকৃত সংগঠন ‘আমরা বাংলাদেশি’ এই আলোচনা সভার আয়োজন করে। সাংস্কৃতিক সার্বভৌমত্বের প্রশ্নে তথ্যমন্ত্রী বলেন, ‘৫৬ হাজার বর্গমাইলের কোনো বাঙালিকে তার বাঙালিত্বের সার্টিফিকেট নেওয়ার জন্য সীমান্তের ওপারে অন্য কারো কাছে ধার করতে হবে না।’ তিনি ইতিহাসের বিবর্তন তুলে ধরে বলেন, জাত-পাতের কাঠামোর কারণে এ অঞ্চলে সনাতন ধর্মের পর বৌদ্ধ ধর্ম এবং পরবর্তীতে ইসলামের সাম্যবাদের আলোকে এ দেশের মানুষ যেভাবে দলে দলে ধর্মান্তরিত হয়ে পবিত্র কোরআনকে গ্রহণ করেছেন–তা এক ঐতিহাসিক সত্য। এই বিবর্তনই আমাদের সংস্কৃতিকে একটি অনন্য স্বকীয়তা দিয়েছে, যার নাম ‘বাংলাদেশি জাতীয়তাবাদ’। তিনি বলেন, স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ইতিহাসের এই সত্যকে উন্মোচিত করে বাংলাদেশি জাতীয়তাবাদের ভিত্তি গড়ে তুলেছিলেন, যা আমাদের ভাষাগত ও সাংস্কৃতিক ঐতিহ্যকে স্পষ্ট করে দেয়।

বরিশালে জনপ্রিয় হচ্ছে

মাধ্যমে মামলা নিষ্পত্তি করা হবে। এ বিষয়ে জেলা প্রশাসন কাজ করে যাচ্ছে। গ্রাম আদালতকে জনপ্রিয় করতে সরকার কাজ করে যাচ্ছে। গ্রাম আদালতে অভিযোগ দায়ের করতে আসা চন্দ্রমোহন ইউনিয়নের টুমচার এলাকার মোশারফ বলেন, আমার একই এলাকার খালেক খন্দকারের সঙ্গে জমির সীমানা নিয়ে দীর্ঘদিন ঝামেলা ছিল। গ্রাম আদালতে আসার পর বিষয়টির সমাধান হয়েছে। হিজলার মেমানিয়া উইনিয়নের মোর্শেদা বেগম বলেন, ২১ শতাংশ জমির বিরোধ নিয়ে আমি তিন মাস আগে এখানে অভিযোগ করি। আমাদের মধ্যে সুষ্ঠু ফয়সালা করে দেওয়া হয়েছে। এমন রায় পেয়ে আমি খুশি। আসলে স্থানীয় বিরোধে আমরা প্রথমে গ্রাম আদালতে এসে বিচারও এখন ভালো পাচ্ছি।

শিক্ষা, স্বাস্থ্য ও দারিদ্র্য বিমোচনে

সহায়তা হয়তো সব সমস্যার স্থায়ী সমাধান নয়, তবে এটি কঠিন সময়ে মানুষের জীবনে কিছুটা স্বস্তি এনে দেবে বলে আমি বিশ্বাস করি। বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের কথা উল্লেখ করে এমপি সরোয়ার বলেন, সরকার শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় এ ধরনের চেক বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। উপকারভোগীদের উদ্দেশে তিনি বলেন, প্রাপ্ত অর্থ সঠিক ও উৎপাদনশীল কাজে ব্যবহার করতে হবে। পরিবারের প্রয়োজন মেটানোর পাশাপাশি আত্মকর্মসংস্থান সৃষ্টি করে স্বনির্ভর হওয়ার দিকে মনোযোগী হতে হবে। আমরা চাই, আপনারা মর্যাদার সাথে আত্মনির্ভরশীল জীবন গড়ে তুলুন, যোগ করেন তিনি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা. ফরিদা সুলতানা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা বিএনপির আহ্বায়ক নুরুল আমিন। এ সময় স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রশাসনের কর্মকর্তাসহ গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

নিহত পরিবারের হাতে ৫ লাখ

প্রকাশ এবং তাদের আর্থিক দুর্ভোগ কিছুটা লাঘবের লক্ষ্যে এ সহায়তা প্রদান করা হয়েছে। চেক হস্তান্তর অনুষ্ঠানে? বিআইডব্লিউটিএ’র কর্মকর্তা, বিএনপির স্থানীয় নেতারাসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত ১৮ মার্চ ঈদুল ফিতর উপলক্ষে নিজ গ্রামে বাবা এবং গর্ভবতী স্ত্রীকে নিয়ে ফিরছিলেন সোহেল ফকির। এসময় ট্রলার যোগে ‘এমভি আসা যাওয়া-৫’ লঞ্চে ওঠার সময় অপর একটি লঞ্চের চাপায় মর্মান্তিক নিহত হন সোহেল ও তার বাবা মিরাজ। দুর্ঘটনার সময় ট্রলার থেকে নদীতে পড়ে যায় সোহেলের গর্ভবতী স্ত্রী নূর আফরিন রুবা। এতে তার একটি পা এবং একটি হাত ভেঙে যায়। দীর্ঘদিন ঢাকায় চিকিৎসা শেষে বরিশাল নগরীর কাশিপুরের বাড়িতে ফেরেন তিনি। সবশেষ গত ৯ জুন ভোরে বাবার বাড়িতে রুবার কোলজুড়ে জন্ম নেয় পুত্র সন্তান।

আজ থেকে বরিশালসহ পাঁচ

অনুযায়ী জেলা টার্মিনালে একটি মাত্র কাউন্টার চালু রেখে পথে পথে থাকা সব অবৈধ কাউন্টার অপসারণ। ২. আঞ্চলিক মহাসড়কে অবৈধ থ্রি-হুইলার (মাহেন্দ্র, নছিমন, করিমন, অটোরিকশা) চলাচল সম্পূর্ণ বন্ধ করা। ৩. দূরপাল্লার পরিবহনে নীতিমালা বহির্ভূতভাবে লোকাল বা মাঝপথের যাত্রী পরিবহন বন্ধ করা। এ ঘটনা প্রসঙ্গে বাগেরহাটের জেলা প্রশাসক গোলাম মো. বাতেন বলেন, পরিবহন মালিকদের তিন দফা দাবির বিষয়ে প্রশাসন অবগত রয়েছে। অনির্দিষ্টকালের ধর্মঘট এড়াতে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা চলছে।

বেতন-ভাতা বৃদ্ধির দাবিতে ঝালকাঠিতে হ্যান্ডেলিং শ্রমিকদের ধর্মঘট

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে বেতন-ভাতা বৃদ্ধির দাবিতে ধর্মঘটের ডাক দিয়েছেন হ্যান্ডেলিং শ্রমিকরা। শনিবার (১৩ জুন) সকাল থেকে জাহাজ থেকে বিভিন্ন ধরনের মনোহারি পণ্য আড়তে ওঠানো-নামানোর কাজ বন্ধ হয়ে যায়। ঝালকাঠি হ্যান্ডেলিং শ্রমিক ফেডারেশনের শ্রমিকরা জানান, বর্তমানে তারা দৈনিক প্রায় ৮০০ টাকা আয় করলেও বিভিন্ন খরচ বাদ দিয়ে হাতে থাকে মাত্র ৫০০ টাকা। বর্তমান বাজার পরিস্থিতিতে এই আয় দিয়ে পরিবার চালানো কঠিন হয়ে পড়েছে। শ্রমিকদের দাবি, ৫০ কেজি ওজনের ছোট বস্তা আমদানির ক্ষেত্রে জাহাজ থেকে গুদামে তোলার জন্য (আমদানি) ১০ টাকা এবং ডেলিভারির জন্য ১২ টাকা হারে পারিশ্রমিক নির্ধারণ করতে হবে। শ্রমিকরা আরও জানান, গত প্রায় ৯ মাস ধরে তারা এই দাবি জানিয়ে আসছেন। তবে স্থানীয় সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভুট্টোর অনুরোধে ঈদুল আজহা পর্যন্ত তারা কর্মসূচি স্থগিত রেখেছিলেন। দাবি পূরণ না হওয়ায় শনিবার থেকে ধর্মঘট শুরু করেছেন তারা। এদিকে ধর্মঘটের কারণে বিপাকে পড়েছেন বিভিন্ন উপজেলা থেকে আসা পরিবহন শ্রমিক ও ব্যবসায়ীরা। রাজাপুর থেকে পণ্য পরিবহনের জন্য আসা এক পিকআপ চালক জানান, সকালে ঝালকাঠিতে এসে দেখেন শ্রমিকরা ধর্মঘট পালন করছেন। ফলে জাহাজ থেকে কোনো পণ্য খালাস বা পরিবহন করা হচ্ছে না। এতে তারা চরম ভোগান্তির মধ্যে পড়েছেন। ধর্মঘটের কারণে বন্দরের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং দ্রুত সমস্যার সমাধান না হলে পণ্য সরবরাহ ব্যবস্থায় নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে সংশ্লিষ্টরা আশঙ্কা করছেন।

বিষখালী নদীতে অভিযান, নিষিদ্ধ বেহুন্দি জাল-নোঙর জব্দ

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে বিষখালী নদীতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ নিষিদ্ধ বেহুন্দি জাল, নোঙর ও মাছ ধরার নৌকা জব্দ করেছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় অবৈধভাবে মাছ ধরার দায়ে এক জেলেকে অর্থদণ্ড প্রদান করা হয়েছে। শুক্রবার (১২ জুন) বিকেলে উপজেলার বিষখালী নদীর পালট এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। রাজাপুর উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের সমন্বয়ে পরিচালিত অভিযানে নদী থেকে ৮টি নিষিদ্ধ বেহুন্দি জাল, ১০টি নোঙর ও ২টি মাছ ধরার নৌকা জব্দ করা হয়। অভিযানে নেতৃত্ব দেন রাজাপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শামীম রেজা সজীব। এ সময় অবৈধভাবে মাছ শিকারের দায়ে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার রুপারজোর এলাকার বাবুল নামের এক জেলেকে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শামীম রেজা সজীব বলেন, নিষিদ্ধ বেহুন্দি জাল ব্যবহারের কারণে নদীর বিভিন্ন প্রজাতির মাছ ও মাছের পোনা নির্বিচারে ধ্বংস হচ্ছে। এতে প্রাকৃতিক মৎস্যসম্পদ মারাত্মক হুমকির মুখে পড়ছে। নদীতে অবৈধ জাল ব্যবহার বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রশাসন জানিয়েছে, মৎস্যসম্পদ সংরক্ষণ, মাছের প্রজনন নিশ্চিতকরণ এবং নদীর জীববৈচিত্র্য রক্ষায় বিষখালী নদীতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। স্থানীয় সচেতন মহলও নদীতে অবৈধ জাল ব্যবহারের বিরুদ্ধে প্রশাসনের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে।

কাঁঠালিয়ায় সরকারের ১০০ দিনের কার্যক্রম নিয়ে আলোচনা সভা

কাঁঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলা বিএনপির উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ১০০ দিনের কার্যক্রম ও সাধারণ মানুষের প্রত্যাশা বিষয়ক এক আলোচনা সভা শনিবার (১৩ জুন) দুপুরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি মো. জালালুর রহমান আকনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপুস্থিত ছিলেন ঝালকাঠি-১ (রাজাপুর-কাঁঠালিয়া) আসনের সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল। বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মো. মকবুল হোসেন। উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. আখতার হোসেন নিজাম মীরবহরের সঞ্চালনায় বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. তাপস কুমার তালুকদার, থানার ওসি (তদন্ত) হারান চন্দ্র পাল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সমন্বয়কারী বীর মুক্তিযোদ্ধা মো. ফজলুল হক মৃধা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. যোবায়ের হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিপঙ্কর চন্দ্র, সরকারি তফজ্জল হোসেন মানিক মিয়া ডিগ্রী কলেজের দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষ মো. সাইয়েদুর রহমান, আমুয়া শহীদ রাজা ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ আবদুল হালিম, মনস্বিতা মহিলা কলেজের অধ্যক্ষ একেএম কামরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মো. কামরুজ্জামান পলাশ, কেবিকে মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবা রানী মন্ডল, উপজেলা ইমাম-মুয়াজ্জিন কল্যাণ সমিতির সভাপতি ক্বারি নেয়ামাত উল্লাহ, হিন্দু পুরোহিত শ্যামল চন্দ্র, সমীর প্রমুখ। আলোচনা সভায় স্থানীয় শিক্ষক, সুধীজন, সাংবাদিক, রাজনৈতিক ব্যক্তিত্ব এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এ সময় তারা সরকারের ১০০ দিনের কার্যক্রম সম্পর্কে নিজেদের মতামত তুলে ধরেন এবং সাধারণ মানুষের বিভিন্ন প্রত্যাশার কথা ব্যক্ত করেন।

পটুয়াখালীতে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধণ

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী জেলা প্রশাসন ও উপকূলীয় বন বিভাগ এর আয়োজনে প্রধানমন্ত্রীর ৫বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে পটুয়াখালীর সার্কিট হাউজ পুকুর পাড়ে ঝাউতলা প্রাঙ্গনে ফলজ, বনজ এবং ঔষধী বিভিন্ন প্রজাতির বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়। শনিবার ১৩জুন দুপুরে ঝাউতলা প্রাঙ্গনে ফলজ, বনজ এবং ঔষধী বিভিন্ন প্রজাতির বৃক্ষরোপন কর্মসূচির শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মাদ শহিদ হোসেন চৌধুরী। এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক স্নেহাংশু সরকার কুট্টি ,ডিডিএলজি (উপ-সচিব) জুয়েল রানা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মাসুদ উল আলম, উপকূলীয় বিভাগীয় বনকর্মকর্তা ড. মোঃ জাহিদুর রহমান মিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোহাম্মাদ তারেক হাওলাদার, অতিরিক্ত পুলিশ সুপার কিশোর রায়, সদর উপজেলা নির্বাহী অফিসার রওজাতুন জান্নাত, জেলা বিএনপি’র সাধারন সম্পাদক এ্যাড মুজিবর রহমান টোটন ,পটুয়াখালী প্রেসক্লাবের সভাপতি মো: জাকির হোসেন,চেম্বার অবকমার্সের সভাপতি মো: কামাল হোসেন, জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি এ্যাডভোকেট হুমায়ুন কবির,সদর রেঞ্জ অফিসার অমিতাভ বসুসহ জেলা প্রশাসক কায্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেটবৃন্দ। এরই ধারাবাহিকতার অংশ হিসেবে সারা দেশের ন্যায় একই সময় পটুয়াখালী জেলা উপজেলা, ইউনিয়ন এবং ওয়ার্ডে বিভিন্ন প্রজাতির ফলজ,বনজ এবংঔষধী গাছের চারা রোপণ করা হয়।উল্লেখ্য, শনিবার ১৩জুন দুপুরে প্রধানমন্ত্রী তারেক রহমান নির্বাচনী প্রতিশ্রুতি স্বরুপ আগামি ৫বছরের সারা দেশে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি অংশ হিসাবে চট্টগ্রামের ডুলাহাজরা সাফারী পার্কে গাছের চারা রোপণ করে কর্মসূচির শুভ উদ্বোধন করেন।

পটুয়াখালীতে শহীদ জিয়া স্মৃতি বইমেলা উদ্বোধন

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান-এর ৪৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে জিয়া স্মৃতি বইমেলা উদ্বোধন করা হয়েছে। শনিবার (১৩ জুন) বেলা ১১ টায় জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে বইমেলার উদ্বোধন করেন জেলা বিএনপির সভাপতি স্নেহাংশু সরকার কুট্টি। এ সময়ে জেলা বিএনপির সাধারণ সম্পাদক মজিবর রহমান টোটন, জেলা বিএনপির সদস্য সাবেক পৌর মেয়র মোস্তাক আহমেদ পিনুসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মেলায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জীবনী, রাজনৈতিক জীবন, বেগম খালেদা জিয়ার জীবনী ও রাজনৈতিক জীবন এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের উপর লেখা বই শোভা পায়। মেলা থেকে এসব বই সংগ্রহ করেন বিএনপি’র নেতাকর্মীরা। মেলা উদ্বোধন শেষে শিল্পকলা একাডেমি মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তারা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান-এর রাজনৈতিক জীবন, স্বাধীনতা যুদ্ধে অবদান এবং দেশের গণতন্ত্র প্রতিষ্ঠায় তার ভূমিকার বিভিন্ন দিক তুলে ধরেন। পরে তার আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

পাউবোর বেরিবাঁধ অপসারণ-সংরক্ষণের দাবিতে পাল্টাপাল্টি মানববন্ধন

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকি ও সদর উপজেলার সীমান্তবর্তী মৌকরন বাজার সংলগ্ন ফেদিয়ার খালের ওপর পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) বেরিবাঁধ অপসারণ ও সংরক্ষণের দাবিতে পাল্টাপাল্টি মানববন্ধন কর্মসূচি পালন করেছে দুইপাড়ের বাসিন্দারা। শনিবার (১৩ জুন) বাদ জোহর নামাজের পর মৌকরন বাজার সংলগ্ন ওয়াপদা বেরিবাঁধ এলাকায় এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। একই সঙ্গে মৌকরন ইউনিয়ন অংশে এবং লেবুখালী ইউনিয়নের কার্ত্তিকপাশা এলাকার কার্ত্তিকপাশা মসজিদ সড়কে পৃথকভাবে পাল্টাপাল্টি মানববন্ধনে অংশ নেন স্থানীয়রা। মানববন্ধনে মৌকরন এলাকার বাসিন্দাদের অভিযোগ, বেরিবাঁধের কারণে আবদ্ধ খালের পানি স্বাভাবিকভাবে প্রবাহিত না হওয়ায় পরিবেশ দূষণ, দীর্ঘস্থায়ী জলাবদ্ধতা, ফসলহানি ও পানিবাহিত রোগবালাই বৃদ্ধি পেয়েছে। তারা বলেন, জনভোগান্তি নিরসনে বাঁধ অপসারণ জরুরি। এদিকে কার্ত্তিকপাশা এলাকার বাসিন্দাদের দাবি, খালের বাঁধ কেটে দিলে তাদের এলাকায় জলাবদ্ধতা বৃদ্ধি পাবে এবং বাড়িঘর ও কৃষিজমি পানিতে তলিয়ে ফসলের ব্যাপক ক্ষতি হবে। তাদের মতে, বাঁধ অপসারণের পরিবর্তে স্লুইসগেট সংস্কার ও কার্যকর ব্যবস্থাপনার মাধ্যমে খালের পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করা সম্ভব। উভয়পক্ষের বাসিন্দারা এ পরিস্থিতিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন, যাতে একটি টেকসই সমাধানের মাধ্যমে দীর্ঘদিনের এ সমস্যা নিরসন হয়।

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রস্তুত

কীর্তনখোলা ডেস্ক

প্রাথমিক বৃত্তি পরীক্ষার খসড়া ফলাফল তৈরির কাজ শেষ। এখন চলছে অধিকতর যাচাই-বাছাই। এ প্রক্রিয়া শেষে আগামী সাত কার্যদিবসের মধ্যে বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হতে পারে। শনিবার (১৩ জুন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য জানিয়েছেন। তারা জানান, ফলাফলে যেন কোনো ত্রুটি না থাকে, সেজন্য সার্বিক বিষয়গুলো অধিকতর যাচাই-বাছাই করা হচ্ছে। এ কার্যক্রম শেষ হতে আরও কিছুদিন সময় লাগবে। এরপর ফল প্রকাশ করা হবে। অধিদপ্তরের প্রশাসন বিভাগের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করে বলেন, প্রাথমিকের শিক্ষার্থীদের নিয়ে গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চলছে। পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং শিক্ষা পদকসহ নানা কাজ নিয়ে অধিদপ্তরের কর্মকর্তারা ব্যস্ত রয়েছেন। এজন্য বৃত্তি পরীক্ষার ফল তৈরির কাজ কিছুটা ধীরগতিতে চলছে। শিগগির ফল প্রস্তুতের কাজ শেষ হবে। এরপর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ফল প্রকাশ করা হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্র জানায়, ফলাফল প্রস্তুত হওয়ার পর তা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে। ফল প্রকাশের পর অভিভাবকরা খুব সহজেই অনলাইন ও মোবাইল এসএমএসের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবেন। অনলাইনে ফল দেখার সবচেয়ে সহজ ও অফিশিয়াল মাধ্যম হলো আইপিইএমআইএস পোর্টাল। এছাড়া, ফল প্রকাশের আগে এসএমএসে ফল জানার নিয়ম জানানো হবে। আইনি জটিলতার কয়েক দফায় পিছিয়ে গত ১৫-১৮ এপ্রিল পঞ্চম শ্রেণি শেষ করা শিক্ষার্থীদের ‘প্রাথমিক বৃত্তি পরীক্ষা’ অনুষ্ঠিত হয়েছে। এতে অংশ নেয় প্রায় সাড়ে ছয় লাখ শিক্ষার্থী। নির্ধারিত সময়ের (ডিসেম্বর) প্রায় চার মাস পর (এপ্রিলে) অনুষ্ঠিত এ বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করার কথা ছিল মে মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে। ঘোষিত সময় পার হলেও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ফল প্রকাশ করতে পারেনি। এতে ফল পেতে শিক্ষার্থীদের অপেক্ষা বাড়ছে। জানা যায়, গত ১৫ এপ্রিল বাংলা বিষয়ের পরীক্ষার মধ্য দিয়ে প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু হয়। ১৮ এপ্রিল বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান পরীক্ষা দিয়ে শেষ হয়। এ বছর মোট পরীক্ষার্থী ছিল ৬ লাখ ৪০ হাজারের কিছু বেশি। তার মধ্যে সাড়ে পাঁচ লাখ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এবং ৯০ হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের (কিন্ডারগার্টেন)। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্যমতে, এবার মোট বৃত্তির সংখ্যা ৮২ হাজার ৫০০টি। অর্থাৎ, মেধাক্রম ও জেলা-উপজেলাভিত্তিক হিসাবে এ সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে। এরমধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তির সংখ্যা ৬৬ হাজার ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৬ হাজার ৫০০ শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে। অংশগ্রহণকারী শিক্ষার্থীর হিসাব অনুযায়ী- বৃত্তির অনুপাত হবে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রের ৮ঃ১ (প্রতি ৮ জনে একজন) এবং বেসরকারির ক্ষেত্রে ৫.৫ঃ১ (প্রতি সাড়ে ৫ জনে একজন)। শিক্ষার্থীদের দুই ধরনের বৃত্তি দেওয়া হবে।

ভোলায় এক বছরে

হয়েছেন। এর মধ্যে ১৬৪ জনের মৃত্যু হয়েছে। বাকিরা চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। উপজেলা ভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, ভোলা সদরে ১৩৫ জন আহত শিশুর মধ্যে ৩৬ জন, দৌলতখানে ১৩ জনের মধ্যে ৮ জন, বোরহানউদ্দিনে ৬১ জনের মধ্যে ৫ জন, লালমোহনে ১৬৭ জনের মধ্যে ২২ জন, চরফ্যাশনে ১৪৭ জনের মধ্যে ৭৪ জন, তজুমদ্দিনে ১৭ জনের মধ্যে ১১ জন এবং মনপুরায় ২৯ জনের মধ্যে ৮ জন শিশুর মৃত্যু হয়েছে। পরিসংখ্যান বিশ্লেষণে দেখা যায়, জেলার মধ্যে সবচেয়ে বেশি শিশুমৃত্যুর ঘটনা ঘটেছে চরফ্যাশন উপজেলায়। সেখানে এক বছরে পানিতে ডুবে আহত ১৪৭ শিশুর মধ্যে ৭৪ জনের মৃত্যু হয়েছে, যা মোট মৃত্যুর প্রায় অর্ধেক। চিকিৎসক, জনপ্রতিনিধি এবং শিশুদের নিয়ে কাজ করা বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের সঙ্গে কথা বলে জানা গেছে, চরফ্যাশন উপজেলাটি নদীবেষ্টিত হওয়ায় এখানে অসংখ্য খাল, পুকুর ও জলাশয় রয়েছে। ফলে শিশুদের পানিতে পড়ে যাওয়ার ঝুঁকিও তুলনামূলক বেশি। এছাড়া জেলার বৃহত্তম উপজেলা হওয়ায় অনেক প্রত্যন্ত এলাকা থেকে ডুবে যাওয়া শিশুদের দ্রুত হাসপাতালে নেওয়া সম্ভব হয় না। অনেক ক্ষেত্রে চিকিৎসাকেন্দ্রে পৌঁছানোর আগেই শিশুর মৃত্যু ঘটে। বিশেষজ্ঞদের মতে, পানিতে ডুবে মারা যাওয়া অধিকাংশ শিশুর বয়স ৪ থেকে ৭ বছরের মধ্যে। এ বয়সে শিশুদের বেশিরভাগই সাঁতার জানে না। ফলে পানিতে পড়ে গেলে তারা নিজেদের রক্ষা করতে পারে না। এছাড়া সকাল ১১টা থেকে দুপুর ২টার মধ্যে পানিতে ডুবে যাওয়ার ঘটনা তুলনামূলক বেশি ঘটে। কারণ, এ সময় শিশুর মায়েরা রান্না ও গৃহস্থালির কাজে ব্যস্ত থাকেন। ফলে শিশুদের ওপর পর্যাপ্ত নজরদারি থাকে না। খেলতে খেলতে শিশুরা পুকুর, ডোবা, খাল বা নদীর ধারে চলে গেলে দুর্ঘটনার ঝুঁকি বেড়ে যায়। ভোলার সিভিল সার্জন ডা. মনিরুল ইসলাম বলেন, পানিতে ডুবে শিশু মৃত্যু অত্যন্ত কষ্টদায়ক। পরিবারের অসচেতনতার অভাবে পানিতে পড়ে যাওয়া শিশুর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। মৃত্যুর হার কমাতে পরিবার ও শিশুদের মায়েদের আরও সচেতন হতে হবে। পাশাপাশি আশপাশের পুকুর কিংবা জলাশয়ে বেড়া দিতে হবে। এছাড়াও ঘরের দরজায় প্রতিবন্ধকতা বা নিরাপত্তা ব্যবস্থা রাখতে হবে, যেন শিশু পরিবারের অগোচরে বাইরে যেতে না পারে। তিনি আরও বলেন, শিশুদের সাঁতার শেখাতে হবে। যেন তারা পানিতে পড়ে গেলে নিজেদের আত্মরক্ষা করতে পারে। তাহলেই পানিতে ডুবে শিশু মৃত্যুর হার কমে আসবে।

জমি দখল, ভাঙচুর ও নারীকে লাঞ্ছিতের

ঘনিষ্ঠ সহযোগী হিসেবে পরিচিত বলে স্থানীয় সূত্রে জানা গেছে। মামলার এজাহার সূত্রে জানা যায়, বরিশাল নগরীর ২৫ নম্বর ওয়ার্ডের গ্যাসটারবাইন পাটনী বাড়ি সড়ক এলাকার বাসিন্দা খাদিজা আক্তার কোতোয়ালী মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগে একই এলাকার মো. শামীম খান, মামুন খান, জনিসহ অজ্ঞাতনামা ৮ থেকে ১০ জনকে আসামি করা হয়েছে। বাদীর অভিযোগ, তিনি বিভিন্ন সাব-কবলা দলিলের মাধ্যমে রুপাতলী মৌজার একটি জমির বৈধ মালিক এবং দীর্ঘদিন ধরে ওই জমি ভোগদখলে রয়েছেন। সেখানে তিনি ঘর নির্মাণ ও গাছপালা রোপণ করেছেন। তবে অভিযুক্তরা দীর্ঘদিন ধরে জমিটি দখলের চেষ্টা করে আসছেন এবং বিভিন্ন মামলা ও অভিযোগের মাধ্যমে তাকে ও তার পরিবারকে হয়রানি করে আসছেন। এজাহারে উল্লেখ করা হয়, গত ১৭ মে সকালে আদালতে হাজিরা দিতে যাওয়ার সুযোগে অভিযুক্তরা দেশীয় অস্ত্র নিয়ে তার জমিতে প্রবেশ করেন। এ সময় তারা জমির সীমানা নির্ধারণকারী পাঁচটি পিলার উপড়ে ফেলেন এবং পাকা দেয়াল ভাঙচুর করেন। এতে প্রায় ৬০ হাজার টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়। এছাড়া সীমানার টিন খুলে নিয়ে যাওয়া হয়েছে, যার মূল্য প্রায় ১০ হাজার টাকা। বাদী আরও অভিযোগ করেন, পরে তিনি ও তার স্বামী ঘটনাস্থলে গেলে অভিযুক্তরা তাদের ওপর হামলা চালায়। এতে তারা আহত হন। অভিযোগ সূত্রে আরও জানা গেছে, প্রধান আসামি শামীম খান তাকে শ্লীলতাহানি করেন এবং অপর আসামি মামুন খান তার স্বামীর পকেটে থাকা ২৪ হাজার ৫০০ টাকা নিয়ে যান। এ সময় স্থানীয় লোকজন এগিয়ে এলে অভিযুক্তরা ঘটনাস্থল ত্যাগ করার আগে প্রাণনাশের হুমকি দেয় বলেও এজাহারে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে খাদিজা আক্তার আইনগত প্রতিকার চেয়ে কোতোয়ালী মডেল থানায় মামলা দায়ের করেছেন। তবে অভিযুক্তদের বক্তব্য তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হয়নি। কোতোয়ালী মডেল থানা পুলিশ জানিয়েছে, অভিযোগের বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। মামলার এক নম্বর আসামি শামীম খান কে গতকাল শনিবার(১৩ জুন) দুপুরে আটক করা হয়েছে। বাকি আসামিদের ধরতে পুলিশের অভিযান অব্যাহত আছে।

মেহেন্দিগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে ঝটিকা

এখানে কাজ করতে পছন্দ না হয়, আপনি চলে যাবেন। আপনার সাথে আমি একাধিক দিন কথা বলেছি, আপনি তো কোনো কাজই করেন না। আগামী মঙ্গলবার এখানে সকাল বেলা একটি মিটিং ডাকেন।" হাসপাতাল পরিদর্শনকালে প্রতিমন্ত্রীর সাথে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, রাজনৈতিক নেতাকর্মী এবং সাধারণ রোগীরা উপস্থিত ছিলেন। পরিদর্শনের এক পর্যায়ে প্রতিমন্ত্রী হাসপাতালের হাজিরা খাতা এবং বিভিন্ন নথিপত্র খতিয়ে দেখেন। সেখানেও তিনি নানা অনিয়ম ও কর্তব্যে অবহেলার প্রমাণ পান। ?সেবা নিতে আসা সাধারণ রোগীরা প্রতিমন্ত্রীর কাছে হাসপাতালের বিভিন্ন অব্যবস্থাপনা ও চিকিৎসকদের অনুপস্থিতির কথা তুলে ধরলে তিনি দ্রুততম সময়ের মধ্যে এই স্বাস্থ্য কমপ্লেক্সের আমূল পরিবর্তন ও জবাবদিহিতা নিশ্চিত করার আশ্বাস দেন। একই সাথে দায়িত্বে অবহেলাকারী কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কঠোর আইনি ও প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন।

বরিশালে পুলিশের বিশেষ

চালিয়ে ২২ পিস ইয়াবা ট্যাবলেটসহ ৩ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে। পরোয়ানাভুক্ত আসামি গ্রেফতার: বিভিন্ন মামলায় আদালতের গ্রেফতারি পরোয়ানাভুক্ত (ওয়ারেন্ট) ১২ জন আসামিকে আটক করা হয়। নিয়মিত মামলায় গ্রেফতার: পূর্বের মামলাসহ বিভিন্ন নিয়মিত মামলায় আরও ৪ জন অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। ?মহানগর অধ্যাদেশে গ্রেফতার: বরিশাল মহানগর অধ্যাদেশের (বিএমপি অ্যাক্ট) আওতায় বিভিন্ন অপরাধে ১৪ জনকে গ্রেফতার করা হয়েছে। বিএমপি সূত্র জানায়, গ্রেফতারকৃত ৩৩ জনের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় আইনি ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। বরিশাল মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিরাপদ রাখতে পুলিশের এই বিশেষ চিরুনি অভিযান অব্যাহত থাকবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

২০২৫ সালে ৫৬% বেসামরিক

করা অস্ত্র সবচেয়ে বেশি ক্ষতির কারণ হয়েছে। এসব হামলায় বেসামরিক মানুষ ও সাধারণ অবকাঠামোর বড় অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে রয়েছে কঙ্গো, ইথিওপিয়া, ইরান, ইরাক, লেবানন, মিয়ানমার, ফিলিস্তিন, সোমালিয়া, দক্ষিণ সুদান, সুদান, সিরিয়া, ইউক্রেন ও ইয়েমেন। এ ছাড়া প্রতিবেদনে বলা হয়েছে, অধিকাংশ হামলা করেছে বিভিন্ন দেশের সরকারি সেনাবাহিনী। পাশাপাশি কিছু হামলা করেছে সশস্ত্র গোষ্ঠী। স্কুল, হাসপাতাল এবং মানবিক সহায়তা কেন্দ্রেও বহু হামলার ঘটনা ঘটেছে, যা সাধারণ মানুষের জীবনকে আরও ঝুঁকিতে ফেলেছে।

উজিরপুরে অস্ত্র ও

ভিত্তিতে পরিচালিত এ অভিযানে নজরুল বেপারীর বাড়িতে তল্লাশি চালানো হয়। তল্লাশিকালে বাড়ির ভেতর থেকে তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়। একই সময়ে একটি চাপাতি ও একটি ধারালো ছোরা উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। অভিযান চলাকালে মূল অভিযুক্ত নজরুল বেপারী কৌশলে পালিয়ে গেলেও তার স্ত্রী মাহামুদা বেগমকে (৩৮) ঘটনাস্থল থেকে আটক করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মাদকের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে তাকে গ্রেফতার দেখিয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ রকিবুল ইসলাম জানান, উদ্ধারকৃত মাদক ও অস্ত্রের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। গ্রেফতার আসামিকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। পলাতক নজরুল বেপারীকে গ্রেপ্তারে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে।

এটি দলীয় কর্মীদের ভাগ্য পরিবর্তনের

সাংবাদিকদের এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর বাংলাদেশের রাজনীতিতে দুটো সংকট তৈরি হয়েছে। বিএনপি নেতৃত্বাধীন যে সরকার গঠিত হয়েছে, একবারে জনগণের আকাঙ্ক্ষার বিপক্ষে সোজা অবস্থান নিয়েছে। এ সংকটের জন্য তারাই দায়ী। এ সংকট তাদেরকেই নিরসন করতে হবে। তিনি আরও বলেন, গত ১২ ফেব্রুয়ারির একই দিনে জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হলো। জুলাই সনদের ভিত্তিতে ২০২৫ সালে যে প্রেসিডেন্সিয়াল অর্ডার হল- একটা সংবিধান সংস্কার পরিষদ গঠন করে ৮৪টি ঐক্যমতের ভিত্তিকে রাষ্ট্র সংস্কারের প্রস্তাবে সবদল একমত হল। তার ভিত্তিতে গণভোটের ৪টি প্রশ্নের সমন্বয়ে যে গণভোট অনুষ্ঠিত হল এবং তার পক্ষে ৭০ ভাগ লোক হ্যাঁ ভোট দিয়ে রাষ্ট্র সংস্কারের পক্ষে তারা মতামত দিলো, বিএনপিও সেই হ্যাঁ ভোটের পক্ষেই ছিল। কিন্তু নির্বাচনের পরে দুঃখজনকভাবে দেখা গেলো বিএনপি সরকার এবং সংসদ গঠনের পরে তারা বললেন, এই গণভোট, সংবিধান সংস্কার পরিষদ- এগুলো বেআইনি, এগুলো সংবিধানে নেই। গোলাম পরওয়ার আরও বলেন, আশ্চর্যের ব্যাপার- অক্টোবর মাসের ১৭ তারিখে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় সব দল স্বাক্ষর করেছে। বিএনপি ক্ষমতায় যাওয়ার পরই ১৮০ ডিগ্রি ইউটার্ন নিয়ে বলছে, এগুলো বেআইনি, আমরা জানি না। এতে বোঝা গেল তাদের অন্তরে জনগণের আকাঙ্ক্ষা পূরণের কোনো ইচ্ছা ছিল না। ক্ষমতায় বসে জাতির উপরে আবার ফ্যাসিবাদের মতো শাসনের ইচ্ছাই তারা লুকিয়ে রেখেছিলেন। যার কারণেই তারা গণভোটের রায়কে অস্বীকার করছেন। ফলে রাজনীতির সেই সংকট রয়েই গেল। তিনি বলেন, আমরা সরকারকে আশ্বস্ত করতে চাই, শুধু বিরোধিতার জন্য বিরোধিতা, বিরোধী দলকে দমন করে খাটো করে আপনি বিদেশি প্রভুদের ইঙ্গিতে গ্যাস, জ্বালানি ও বিদ্যুতের দাম বাড়ালেন। কী করে আপনি ক্রমবর্ধমান বিদ্যুৎ আর জ্বালানি দাম বাড়ালেন। এছাড়া ভোলার সার্বিক উন্নয়নে স্থানীয় সংসদ সদস্যদের সংসদে জোড়ালো দাবিরও আহ্বান জানান জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল মিয়া মো.গোলাম পরওয়ার। এসময় কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল অঞ্চলের সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াজ্জম হোসাইন হেলাল, কেন্দ্রীয় মজলিশের শূরা সদস্য একে এম ফখরুদ্দিন খাঁন রাজী। এছাড়া কর্মশালার সভাপতিত্ব করেন ভোলা জেলা জামায়াতে ইসলামীর আমির মাস্টার মুহাম্মদ জাকির হোসেন।

হানিফ হত্যার রহস্য উদ্‌ঘাটিত হয়নি

চর নাজিরপুর ইউনিয়নের শেখবাড়ি গ্রামের বাসিন্দা। তিনি স্ত্রী ও সন্তান নিয়ে রাজধানীর মোহাম্মদপুরের সুলতানগঞ্জ বিবির বাজার এলাকায় বসবাস করতেন এবং বিভিন্ন বাসায় টিউশনি করে জীবিকা নির্বাহ করতেন। সূত্রে আরও জানা গেছে, ২০২৫ সালের ২৭ সেপ্টেম্বর দুপুরে কিছু সময়ের মধ্যে বাসায় ফিরে আসবেন বলে বের হন আবু হানিফ। কিন্তু সন্ধ্যা পেরিয়ে রাত হলেও তিনি আর ফিরে আসেননি। পরিবারের সদস্যরা বারবার তাঁর মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করলেও কোনো সাড়া পাননি। পরে রাত সাড়ে ৮টার দিকে তাঁর স্ত্রী সুমি আক্তার ফোন করলে এক পুলিশ কর্মকর্তা ফোন রিসিভ করে জানান, তাঁর স্বামীকে হত্যা করা হয়েছে। একই সঙ্গে সাভারের বিরুলিয়া ইউনিয়নের বেড়িবাঁধসংলগ্ন একটি জঙ্গলে তাঁর মরদেহ পড়ে থাকার তথ্য দেন ওই কর্মকর্তা। ঘটনার ৯ দিন পর ৬ অক্টোবর আবু হানিফের মা মঞ্জিলা খাতুন অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে সাভার থানায় একটি হত্যা মামলা করেন। প্রথমে মামলাটি সাভার থানা-পুলিশ তদন্ত করলেও পরে তদন্তের দায়িত্ব দেওয়া হয় ঢাকা জেলা পুলিশের গোয়েন্দা শাখাকে (উত্তর)। নিহত ব্যক্তির স্ত্রী সুমি আক্তার বলেন, 'স্বামী হত্যার আট মাস পেরিয়ে গেলেও পুলিশ এখন পর্যন্ত হত্যার রহস্য উদ্?ঘাটন করতে পারেনি। কোনো আসামিকেও গ্রেফতার করা হয়নি। এতে আমরা বিচার পাওয়া নিয়ে গভীর উদ্বেগ ও অনিশ্চয়তার মধ্যে রয়েছি।' সুমি আক্তার আরও বলেন, 'ঘটনার পর কিছুদিন ঢাকায় অবস্থান করলেও আর্থিক সংকটের কারণে আমাদের গ্রামে ফিরে আসত হয়েছে। গ্রামে থাকার কারণে নিয়মিত মামলার খোঁজখবর নিতে পারি না। আমার আশঙ্কা, এ কারণেই তদন্তে প্রয়োজনীয় গুরুত্ব দেওয়া হচ্ছে না এবং রহস্য উদ্?ঘাটনেও ধীরগতি দেখা যাচ্ছে।' তবে অভিযোগ অস্বীকার করে মামলার তদন্তকারী কর্মকর্তা ঢাকা জেলা পুলিশের গোয়েন্দা শাখার উপপরিদর্শক (এসআই) মো. আরিফুল ইসলাম বলেন, 'মামলাটির তদন্তভার পাওয়ার পর থেকেই হত্যার রহস্য উদ্?ঘাটন এবং জড়িত ব্যক্তিদের শনাক্ত করতে সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে কাজ করছি। তদন্তে কোনো ধরনের গাফিলতি নেই। তবে এখন পর্যন্ত প্রত্যাশিত অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি।'

১৪ দফা খসড়া: জাতিসংঘের নিরাপত্তা

অন্তর্ভুক্ত রয়েছে। শনিবার (১৩ জুন) ইরানের ১৪ দফা খসড়া প্রস্তাব নিয়ে সংবাদ প্রকাশ করেছে মেহের নিউজ এজেন্সি। সূত্রটির দাবি অনুযায়ী, খসড়ায় নিম্নলিখিত ১৪ টি বিষয় রয়েছে: ১) লেবাননসহ সব ফ্রন্টে যুদ্ধের স্থায়ী ও তাৎক্ষণিক সমাপ্তি। ২) যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে ইরানের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং ইরানের সার্বভৌমত্বের প্রতি সম্মান প্রদর্শনের অঙ্গীকার। ৩) ৩০ দিনের মধ্যে নৌ অবরোধ সম্পূর্ণ প্রত্যাহার। ৪) ইরানের আশপাশ থেকে মার্কিন বাহিনী প্রত্যাহারের প্রতিশ্রুতি। ৫) ৩০ দিনের মধ্যে হরমুজ প্রণালি পুনরায় চালু করা যা ইরানের ব্যবস্থাপনায় পরিচালিত হবে। ৬) তেল ও পেট্রোকেমিক্যাল পণ্যের ওপর নিষেধাজ্ঞা স্থগিত এবং ইরানের আর্থিক সম্পদে পূর্ণ প্রবেশাধিকার। ৭) যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের পক্ষ থেকে কমপক্ষে ৩০০ বিলিয়ন ডলারের পুনর্গঠন পরিকল্পনা। ৮) পারমাণবিক ইস্যু এবং মার্কিন, জাতিসংঘ ও আইএইএ-সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়ে চূড়ান্ত চুক্তির লক্ষ্যে ৬০ দিনের আলোচনা। ৯) এনপিটি-এর অধীনে পারমাণবিক অস্ত্র তৈরি না করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করা। ১০) আলোচনার সময় নতুন সেনা মোতায়েন বা নতুন নিষেধাজ্ঞা আরোপ করবে না যুক্তরাষ্ট্র। ১১) ৬০ দিনের আলোচনার সময় ইরানের ২৪ বিলিয়ন ডলারের জব্দকৃত তহবিল মুক্তি যার অর্ধেক আলোচনা শুরুর আগেই ছাড়তে হবে। ১২) চুক্তি বাস্তবায়ন তদারকির জন্য একটি পর্যবেক্ষণ ব্যবস্থা গঠন। ১৩) চূড়ান্ত চুক্তিকে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাবের মাধ্যমে অনুমোদন। ১৪) ইউরেনিয়াম সমৃদ্ধকরণ, নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং ইরানের অর্থনৈতিক পুনর্গঠনই হবে চূড়ান্ত আলোচনার একমাত্র বিষয়; ক্ষেপণাস্ত্র কর্মসূচি ও আঞ্চলিক মিত্র গোষ্ঠীগুলোর প্রতি সমর্থনের বিষয় আলোচনার বাইরে থাকবে।

বিশ্ববাজারে সোনার দাম কমে

কমে গত ছয় মাসের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে নেমে আসে। তবে এর পরদিনই, অর্থাৎ সপ্তাহের শেষ কার্যদিবসে (শুক্রবার) নাটকীয়ভাবে ঘুরে দাঁড়ায় মূল্যবান এই ধাতুর বাজার। বাজার বিশ্লেষকদের মতে, একদিনের ব্যবধানে বিশ্ববাজারে সোনার দামে বড় ধরনের উল্লম্ফন ঘটেছে। শনি ও রোববার আন্তর্জাতিক বাজার বন্ধ থাকায় শুক্রবারের এই ঊর্ধ্বমুখী দামই আপাতত বহাল থাকছে। গত বৃহস্পতিবার নিউইয়র্ক মার্কেন্টাইল এক্সচেঞ্জের (ঈঙগঊঢ) ফিউচারস এবং বৈশ্বিক স্পট মার্কেটে (ঝঢ়ড়ঃ এড়ষফ) সোনার দাম এক ধাক্কায় ছয় মাসে সর্বনিম্নে নেমে আসে। স্পট মার্কেটে প্রতি আউন্স সোনার দাম ৪ হাজার ৮০ মার্কিন ডলারে নেমে যায়। একই সঙ্গে, কমেক্স ফিউচারসে আগস্ট চুক্তির সোনার দাম কমে দাঁড়ায় ৪ হাজার ৪৬ দশমিক ২০ ডলারে। তবে এই পতনের স্থায়িত্ব ছিল খুবই সংক্ষিপ্ত। শুক্রবার বাজার বন্ধ হওয়ার আগে বিশ্ববাজারে সোনার দাম আবার লাফিয়ে বাড়ে। কমেক্স ফিউচারসে আগস্ট চুক্তির সোনার দাম আউন্সপ্রতি প্রায় ২ দশমিক ৮৪ শতাংশ বেড়ে ৪ হাজার ২৩১ ডলারে উঠে আসে। অন্যদিকে, বৈশ্বিক স্পট মার্কেটেও দাম পুনরুদ্ধার হয়ে প্রতি আউন্স ৪ হাজার ২১০ থেকে ৪ হাজার ২২২ ডলারের কাছাকাছি থিতু হয়। অর্থনীতিবিদ ও বাজার বিশ্লেষকদের মতে, এই আকস্মিক ওঠানামার পেছনে মূলত দুটি প্রধান কারণ কাজ করেছে: যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভের নীতি ও ভূ-রাজনৈতিক পরিস্থিতি। যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখতে দেশটির কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ সুদের হার আরও বাড়াতে পারেড়এমন গুঞ্জনে বিনিয়োগকারীরা নিরাপদ বিনিয়োগ হিসেবে সোনা বিক্রি করে মার্কিন ডলারের দিকে ঝুঁকেছিলেন। ফলে ডলার শক্তিশালী হয়ে সোনার দাম পড়ে যায়। আবার, দাম ছয় মাসের সর্বনিম্নে নেমে যাওয়ার পরপরই বড় প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা কম দামে সোনা কেনার সুযোগ লুফে নেন। একই সঙ্গে মধ্যপ্রাচ্যে বিশেষ করে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার ভূ-রাজনৈতিক উত্তেজনা কিছুটা প্রশমিত হওয়ার আভাস মেলায় বিনিয়োগকারীরা আবারও সোনার বাজারে ফিরে আসেন। আন্তর্জাতিক বাজারে সোনার দামের এই বড় উত্থান-পতনের সরাসরি প্রভাব পড়েছে বাংলাদেশের স্থানীয় বাজারেও। বিশ্ববাজারে দাম কমায় সম্প্রতি বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস) চার দফায় দেশের বাজারে ২২ ক্যারেট সোনার দাম প্রায় ২০ হাজার টাকা কমিয়েছিল। তবে এরপরেই একলাফে সোনার দাম বাড়ানো হয় ৬ হাজার ৫৯০ টাকা। দেশের বাজারে গত ২ জুন ভালো মানের এক ভরি সোনার দাম কমানো হয় ৩ হাজার ২৬৬ টাকা। এরপর ৬ জুন কমানো হয় ৫ হাজার ৪৮১ টাকা, ১০ জুন কমানো হয় ৬ হাজার ৫৯১ টাকা এবং ১১ জানুয়ারি কমানো হয় ৪ হাজার ৪৩২ টাকা। এতে চার দফায় ভালো মানের এক ভরি সোনার দাম কমানো হয় ১৯ হাজার ৭৭১ টাকা। এভাবে টানা চার দফা কমানোর পর শনিবার (১৩ জুন) দেশের বাজারে আবারও বাড়ানো হয় সোনার দাম। সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) সোনার দাম বাড়ানো হয়েছে ৬ হাজার ৫৯০ টাকা। এতে বর্তমানে এক ভরি সোনার দাম দাঁড়িয়েছে ২ লাখ ২৪ হাজার ৯৪০ টাকা।

গৌরনদীতে যুবককে কুপিয়ে

তাদের পুরোনো বাড়ির সম্পত্তি জোরপূর্বক দখল করে বাথরুম নির্মাণ করছিলেন প্রতিবেশী আনোয়ার আকনের ছেলে নসিমনচালক রুবেল আকন। বিষয়টি জানতে পেরে শুক্রবার সকালে আরিফ ঘটনাস্থলে যান। সেখানে রুবেলকে না পেয়ে তার পরিবারের সদস্যদের নির্মাণাধীন বাথরুমটি সরিয়ে নেওয়ার অনুরোধ করেন। দুপুরে রুবেল বাড়িতে ফিরে বিষয়টি জানতে পেরে আরিফকে হত্যার হুমকি দেন। এরই ধারাবাহিকতায় বিকেলে রুবেল ও তার কয়েকজন সহযোগী বাড়ির পাশে আরিফকে একা পেয়ে পরিকল্পিতভাবে হামলা চালায়। তারা লোহার রড ও দেশীয় অস্ত্র দিয়ে আরিফের মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে মারাত্মক জখম করেন। একপর্যায়ে আরিফ সংজ্ঞাহীন হয়ে পড়লে মৃত ভেবে হামলাকারীরা তাকে ফেলে রেখে পালিয়ে যান। পরে খবর পেয়ে আরিফের মা ও প্রতিবেশীরা তাকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে প্রথমে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে অবস্থার অবনতি হলে আশঙ্কাজনক অবস্থায় রাতেই তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তিরা মনি বেগম আরও জানান, চিকিৎসকরা জানিয়েছেন তার ভাইয়ের অবস্থা অত্যন্ত সংকটাপন্ন। এই ঘটনায় থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। ঘটনার পর থেকে অভিযুক্ত রুবেল আকনসহ তার সহযোগীরা এলাকা ছেড়ে আত্মগোপন করায় তাদের কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তারিক হাসান রাসেল জানান, এই ঘটনায় এখনো থানায় কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

গৌরনদীতে সাংবাদিকদের

কশিশনার (ভূমি) মোঃ মেহেদী হাসান। বক্তব্য রাখেন তথ্য মন্ত্রীর মিডিয়া সমন্বয়কারী খোন্দকার কাওছার হোসেন, প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, সাবেক সভাপতি মোঃ গিয়াস উদ্দিন মিয়া, খোন্দকার মনিরুজ্জামান মনির। প্রশিক্ষণে গৌরনদী উপজেলার ৩৫ জন গণমাধ্যমকর্মী অংশ নেন । কর্মসূচির মূল উদ্দেশ্য হলো সাংবাদিকদের মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ফ্যাক্ট চেকিংসংক্রান্ত ধারণা তৈরি, তথ্য যাচাইয়ের দক্ষতা বৃদ্ধি এবং দায়িত্বশীল সাংবাদিকতার চর্চা জোরদার করা। প্রশিক্ষণের আলোচ্যসূচিতে রয়েছেসংবাদ সংগ্রহ ও উপস্থাপনায় এআইয়ের ব্যবহার, কনটেন্ট তৈরি, লেখা, ছবি ও ভিডিও নির্মাণে এআইভিত্তিক টুলের প্রয়োগ, গুগল ট্রেন্ডস ও বিভিন্ন এআই টুল পরিচিতি, ডেটা বিশ্লেষণ, প্রম্পট ইঞ্জিনিয়ারিং এবং ভিজ্যুয়াল যাচাই পদ্ধতি। এ ছাড়া ফ্যাক্ট চেকিংয়ের ধারণা, প্রয়োজনীয়তা, ছবি ও ভিডিও যাচাই এবং সাংবাদিকতার নৈতিকতা নিয়েও পৃথক সেশন থাকবে। প্রশিক্ষণে উপস্থাপনা, হাতে-কলমে অনুশীলন এবং অংশগ্রহণমূলক আলোচনা অনুষ্ঠিত হবে।

ব্রাজিল সমর্থকদের মিছিলে

দুর্ঘটনার কবলে পড়ে। এতে মোটরসাইকেলে থাকা তিনজন গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মো. ইসমাইলকে মৃত ঘোষণা করেন। আহত অন্য দুজনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

বাজারে স্বস্তি নেই

ধরে লিটারপ্রতি ৫ টাকা বেশি করে বিক্রি হচ্ছে। কাঁচাবাজারের মুদি ব্যবসায়ী মো. আব্দুল কাদের বলেন, 'বাজেটের কারণে বাজারে এখনো কোনো প্রভাব দেখিনি। বেশিরভাগ পণ্যের দাম আগের মতোই আছে। শুধু সয়াবিন তেলের দাম কোম্পানি বাড়িয়ে দিয়েছে, তাই বেশি দামে বিক্রি করতে হচ্ছে।' একই বাজারের আরেক বিক্রেতা মো. শাহীন মিয়া বলেন, 'তেলের নতুন সরবরাহ বেশি দামে এসেছে। কেন দাম বাড়ানো হয়েছে সেটা আমরা জানি না। কোম্পানি যে দামে দিচ্ছে, সে অনুযায়ী বিক্রি করছি। বাজেটের সঙ্গে এটার কোনো সম্পর্ক আছে বলে মনে হয় না।' অন্যদিকে তেলের বাড়তি দাম নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন ক্রেতারা। নগরীর বাসিন্দা মো. রফিকুল ইসলাম বলেন, 'নিত্যপণ্যের মধ্যে তেল এমন একটি জিনিস, যা প্রতিদিনই লাগে। কয়েক টাকা বাড়লেও মাস শেষে বড় চাপ পড়ে। তেলের দাম এখন সাধারণ মানুষের জন্য কষ্টকর হয়ে উঠেছে।' একই বাজারে কেনাকাটা করতে আসা সাবিনা ইয়াসমিন বলেন, 'অন্যান্য পণ্যের দাম না বাড়লেও তেলের দাম বারবার বাড়ছে। সংসারের খরচ সামলানো কঠিন হয়ে যাচ্ছে। সরকারকে এই পণ্যের বাজারে আরও নজরদারি বাড়াতে হবে।' বাজারসংশ্লিষ্টরা বলছেন, প্রস্তাবিত বাজেট ঘোষণার পর এখন পর্যন্ত নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে বড় কোনো প্রভাব পড়েনি। তবে সয়াবিন তেলের দাম বৃদ্ধি নিয়ে ভোক্তাদের মধ্যে অসন্তোষ রয়েছে। আগামী দিনগুলোতে বাজেটের প্রভাব বাজারে কতটা পড়ে, সেদিকেই নজর থাকবে ক্রেতা-বিক্রেতাদের। বিভিন্ন বাজারে ঘুরে দেখা গেছে, বাজেট ঘোষণার পরও ব্রয়লার মুরগি, ডিম ও মাছের বাজারে উল্লেখযোগ্য কোনো পরিবর্তন আসেনি। বর্তমানে প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৫৫ থেকে ১৬০ টাকা, সোনালি মুরগি ৩৪০ টাকা এবং ডজনপ্রতি ডিম ১১০ থেকে ১২০ টাকায় বিক্রি হচ্ছে। একইভাবে মাছের বাজারেও আগের দামের ধারাবাহিকতা রয়েছে। বিক্রেতারা বলছেন, প্রস্তাবিত বাজেটে এসব পণ্যের ওপর তাৎক্ষণিক কোনো প্রভাব পড়েনি।

মহিপুরে দেড় কেজি

(৪০) নামে দুই ব্যক্তি ঘটনাস্থল থেকে পালিয়ে যান। তবে পুলিশ অভিযান চালিয়ে হারুন ঘরামীসহ তিনজনকে আটক করতে সক্ষম হয়। এ সময় তাদের কাছ থেকে ১ কেজি ৫৪০ গ্রাম গাঁজা জব্দ করা হয়। মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম হাওলাদার জানান, আটক ব্যক্তিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। পাশাপাশি পলাতক আসামিদের গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

দেশজুড়ে বৃষ্টির আভাস, ৫ দিন

ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। এ ছাড়া, সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। আগামী রোববার (১৪ জুন) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। এ ছাড়া, সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামী সোমবার (১৫ জুন) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামী মঙ্গলবার (১৬ জুন) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। এ ছাড়া, সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী বুধবার (১৭ জুন) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

নেছারাবাদে ভার্চুয়ালি যুক্ত হয়ে খাল

হচ্ছে। এই খনন কাজ সম্পন্ন হলে এলাকার শিল্প ও কৃষিতে ইতিবাচক প্রভাব পড়বে। ?উদ্বোধন শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয় এবং আনুষ্ঠানিকভাবে মাটি কেটে খালের খনন কাজ শুরু হয়। অনুষ্ঠানে মাঠ পর্যায়ে উপস্থিত ছিলেন: ?আবু জাফর মোহাম্মদ রাশেদ খান, উপ-প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর। ?মো. ফাইজুর রহমান, জেলা ম্যানেজার, বিসিক, পিরোজপুর। ?রায়হান মাহমুদ, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, নেছারাবাদ। ?নাসির উদ্দিন তালুকদার, সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক, নেছারাবাদ উপজেলা বিএনপি। ?এছাড়াও নেছারাবাদ উপজেলার সাবেক যুগ্ম আহ্বায়ক, সদস্যবৃন্দ এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন স্তরের বিপুল সংখ্যক নেতাকর্মী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে অংশ নেন। ?অনুষ্ঠানে নেছারাবাদ উপজেলা বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক নাসির উদ্দিন তালুকদার তাঁর বক্তব্যে বলেন, ?"বাংলার রাখাল রাজা, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মূল লক্ষ্যই ছিল খাল খনন কর্মসূচির মাধ্যমে কৃষিতে বিপ্লব ঘটিয়ে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা। বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান তাঁর বাবার সেই দূরদর্শী খাল খনন কর্মসূচিকে সমুন্নত ও রক্ষা করার জন্যই এই ব্যবস্থা গ্রহণ করেছেন।" ?তিনি আরও জানান, বিসিক শিল্প নগরীর এই খালটি দিয়ে কাজ শুরু হলেও, পরবর্তীতে ক্রমান্বয়ে উপজেলার আরও অনেক খাল এভাবে খনন করা হবে এবং এর মাধ্যমে এলাকায় কৃষিজ ও অর্থনৈতিক বিপ্লব ঘটানো হবে।

আগৈলঝাড়ায় ১২ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলার রাজিহার ইউনিয়নে বিশেষ মাদকবিরোধী অভিযান চালিয়ে ১২ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে আগৈলঝাড়া থানা পুলিশ। পুলিশ সূত্রে জানা যায়, আগৈলঝাড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ মাসুদ খানের নির্দেশনায় পরিচালিত বিশেষ অভিযানে উপজেলার রাজিহার ইউনিয়নের পশ্চিম রাজিহার এলাকা থেকে সন্দেহভাজন দুই ব্যক্তিকে আটক করা হয়। পরে তাদের দেহ তল্লাশি করে ১২ পিস ইয়াবা উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন- পলাশ বালা (৪৫), পিতা: বিদ্যাধর বালা, মাতা: রাধা বালা এবং পলাশ বিশ্বাস (২৫), পিতা: শ্রীকান্ত বিশ্বাস, মাতা: রেখা বিশ্বাস। উভয়ের বাড়ি আগৈলঝাড়া উপজেলার রাজিহার ইউনিয়নের পশ্চিম রাজিহার গ্রামে। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। অভিযানের সময় ইয়াবাসহ তাদের হাতেনাতে আটক করা হয়। উদ্ধারকৃত মাদক জব্দ করে থানায় নিয়ে আসা হয়েছে। এ বিষয়ে আগৈলঝাড়া থানার ওসি মোহাম্মদ মাসুদ খান বলেন, "মাদক সমাজের জন্য ভয়াবহ অভিশাপ। যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে মাদকের বিরুদ্ধে পুলিশের অভিযান আরও জোরদার করা হয়েছে। কোনো মাদক কারবারি বা মাদকসেবীকে ছাড় দেওয়া হবে না। মাদক নির্মূলে পুলিশের পাশাপাশি সমাজের সর্বস্তরের মানুষের সহযোগিতা প্রয়োজন।" তিনি আরও বলেন, "আমি আগৈলঝাড়া থানায় যোগদানের পর থেকেই মাদক, সন্ত্রাস ও অপরাধ দমনে নিয়মিত অভিযান পরিচালনা করছি। ইতোমধ্যে বেশ কয়েকজন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হয়েছে। আগৈলঝাড়াকে মাদকমুক্ত উপজেলা হিসেবে গড়ে তোলাই আমাদের লক্ষ্য।" পুলিশ আরও জানিয়েছে, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলমান রয়েছে। মামলার আনুষ্ঠানিকতা সম্পন্ন শেষে তাদের আদালতে সোপর্দ করা হবে। স্থানীয় সচেতন মহল পুলিশের এ ধরনের ধারাবাহিক মাদকবিরোধী অভিযানকে স্বাগত জানিয়ে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান আরও জোরদারের দাবি জানিয়েছেন। তাদের মতে, মাদকমুক্ত সমাজ গঠনে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সাধারণ মানুষেরও সচেতন ভূমিকা রাখা জরুরি।

রাতে ঘরে ঘুমালেন যুবক, সকালে রাস্তায় মিলল রক্তাক্ত লাশ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় মিজানুর রহমান (৪০) নামে এক রিকশাচালকের রক্তাক্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। রাতে নিজ ঘরে ঘুমানোর পর সকালে রাস্তায় পাওয়া যায় তার লাশ। শনিবার (১৩ জুন) সকাল ৬টায় পাথরঘাটা পৌরসভার ২নং ওয়ার্ড ইমান আলী সড়ক থেকে মিজানুর রহমানের মরদেহ উদ্ধার করা হয়। তিনি মৃত সফেজ উদ্দিনের ছেলে। নিহতের পরিবার ও পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার রাতে মিজানুর রহমান বাসার সামনে তার রিকশা চার্জে রেখে রাত ১১টার দিকে ঘরে ফেরেন। রাতের খাবার খেয়ে পরিবারের সদস্যদের সঙ্গে ঘুমিয়ে পড়েন। তবে গভীর রাতে কখন তিনি ঘর থেকে বের হয়েছেন, তা পরিবারের কেউ টের পাননি। শনিবার ভোরে ফজরের নামাজের পর স্থানীয় লোকজন বাড়ির সামনের সড়কে মিজানুর রহমানের রক্তাক্ত মরদেহ পড়ে থাকতে দেখে পরিবারের সদস্যদের খবর দেয়। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। নিহতের স্ত্রী পারভীন আক্তার জানান, রাতে স্বাভাবিকভাবেই সবাই ঘুমাতে যান। সকালে স্থানীয়দের মাধ্যমে স্বামীর মৃত্যুর খবর জানতে পারেন তারা। এদিকে নিহতের বড় ভাই শাহজাহান মিয়া অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে প্রতিবেশীদের সঙ্গে তাদের জমিজমা নিয়ে বিরোধ চলছিল। এর আগে প্রতিপক্ষ নিজেদের ঘরে আগুন দিয়ে তাদের পরিবারকে ফাঁসানোর চেষ্টা করেছিল বলেও দাবি করেন তিনি। এ ঘটনায় আদালতে একটি মামলাও চলমান রয়েছে। তার ধারণা, পূর্ব শত্রুতার জের ধরেই মিজানুর রহমানকে হত্যা করা হয়ে থাকতে পারে। ঘটনার খবর পেয়ে বরগুনার অতিরিক্ত পুলিশ সুপার (পাথরঘাটা সার্কেল) শাহেদ আহমেদ চৌধুরী ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি জানান, হত্যাকাণ্ডের রহস্য উদঘাটনে পুলিশ তদন্ত শুরু করেছে এবং জড়িতদের শনাক্তে কাজ চলছে। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ এনাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করেছে। ময়নাতদন্তের জন্য মরদেহ পাঠানো হয়েছে। তদন্ত ও ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর ঘটনার প্রকৃত কারণ জানা যাবে।

উজিরপুরে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

উজিরপুর প্রতিনিধি

প্রধানমন্ত্রীর নির্দেশনা ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন,তা বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশের ভারসাম্য রক্ষা ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় দেশজুড়ে বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে বরিশাল জেলার উজিরপুরে বৃক্ষরোপন কর্মসূচির শুভ উদ্বোধন করেন উপজেলা সহকারী কমিশনার ভূমি মহেশ্বর মন্ডল। শনিবার (১৩ জুন) দুপুর ২টায় উপজেলা পরিষদ চত্তরে, উপজেলা প্রশাসন ও বন বিভাগের আয়োজনে ফলজ বৃক্ষ রোপনের মধ্যে দিয়ে এ বৃক্ষরোপন কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বন কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির,উজিরপুর প্রেসক্লাবের সভাপতি এমদাদুল কাসেম সেন্টু, সাংবাদিক মেহেদী হাসান ভুইয়া, উপজেলা ফরেষ্ট গার্ড বদিউজ্জামানসহ অনেকে। উজিরপুর উপজেলার সহকারী কমিশনার ভূমি মহেশ্বর মন্ডল বলেন, বনভূমির ঘাটতি পূরণে বৃক্ষরোপণের বিকল্প নেই, সবুজায়নে গড়ি দেশ,সুস্থ রাখি পরিবেশ' পরিবেশের ভারসাম্য রক্ষা ও জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় সরকারের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ফলদ, বনজ ও ঔষধি প্রজাতির চারা রোপণ করা হচ্ছে। শুধু চারা রোপণই নয়, বরং গাছগুলোর সঠিক পরিচর্যা ও বেড়ে ওঠার বিষয়টি নিশ্চিত কল্পে বিশেষ নজরদারি থাকবে। তিনি আরো বলেন, একটি দেশের প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখতে গাছের বিকল্প নেই, বর্তমানে দেশে সেই পরিমাণে বনভূমি না থাকায় প্রতিনিয়তই উষ্ণতা বাড়ছে। এই সংকট উত্তরণে নির্বিচারে গাছ কাটা বন্ধ করতে হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ১৪ জুন ২০২৬ ॥ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩

বিশ্ববাজারে সোনার দাম কমে ছয় মাসে সর্বনিম্ন, এরপর ফের উত্থান

কীর্তনখোলা ডেস্ক

বিশ্ববাজারে কয়েকদিন ধরে সোনার দামে বড় ধরনের অস্থিরতা লক্ষ্য করা যাচ্ছে। যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক নীতি এবং ভূ-রাজনৈতিক পরিস্থিতির টানাপোড়েনে গত বৃহস্পতিবার (১১ জুন) আন্তর্জাতিক বাজারে সোনার দাম ৩ এর পাতায় দেখুন

১৪ দফা খসড়া: জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অধীনে হবে চূড়ান্ত চুক্তি

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রস্তাবিত ১৪ দফা সমঝোতা স্মারকের নতুন বিস্তারিত তথ্য প্রকাশ করেছে ইরানের আলোচক দলের ঘনিষ্ঠ একটি সূত্র। এতে ৬০ দিনের চূড়ান্ত আলোচনার সময় ইরানের ২৪ বিলিয়ন ডলারের স্থগিত সম্পদ মুক্তির প্রস্তাব ৩ এর পাতায় দেখুন

এটি দলীয় কর্মীদের ভাগ্য পরিবর্তনের লুটপাটের বাজেট : গোলাম পরওয়ার

ভোলা প্রতিনিধি

জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, প্রশাসন থেকে কর কমিশন, দুর্নীতি দমন কমিশন, পাবলিক সার্ভিস কমিশন, জুডিশিয়ারি কমিশন এসব থেকে দুর্নীতি না কমালে যে বাজেট হবে, সে বাজেটের টাকা দলীয় কর্মীরা ভাগযোগ করে খাবে। দুর্নীতির কোনো হিসাব হবে না। এজন্য আমরা বলেছি- জুলাই সনদ বাস্তবায়ন না করলে এ বাজেট জনগণের আশা পূরণ করবে না। এটা হয়েছে দলীয় কর্মীদের ভাগ্য পরিবর্তনের লুটপাটের বাজেট। শনিবার (১৩ জুন) দুপুর দেড়টার দিকে ভোলা শহরের ওয়েস্টার্নপাড়ায় জামায়াতে ইসলামীর জেলা ট্রাস্ট কার্যালয়ে 'ন্যায় ও ইনসাফ ভিত্তিক সমাজ কায়েমই আমাদের উদ্দেশ্যে উপজেলা কর্মপরিষদ সদস্যদের শিক্ষাশিবির' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে যুবককে কুপিয়ে মৃত ভেবে ফেলে রাখা হয়

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে দুপুরে হুমকি দেওয়ার পর বিকেলে পরিকল্পিতভাবে হামলা চালিয়ে এক যুবককে লোহার রড দিয়ে পিটিয়ে ও কুপিয়ে মারাত্মক জখম করা হয়েছে। মৃত ভেবে ফেলে যাওয়া ওই যুবকের নাম আরিফ আকন। তিনি বর্তমানে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শেবাচিম) আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন। শুক্রবার (১২ জুন) বিকেলে গৌরনদী উপজেলার গেরাকুল গ্রামে এই হামলার ঘটনা ঘটে। আহত আরিফ আকন ওই গ্রামের মৃত রফিকুল ইসলাম আকনের একমাত্র ছেলে। কয়েক মাস আগে এক মোটরসাইকেল দুর্ঘটনায় আরিফের বাম হাত ভেঙে প্রায় অকেজো হয়ে যায়। আরিফের বড় বোন তিরা মনি বেগম জানান ৩ এর পাতায় দেখুন

হানিফ হত্যার রহস্য উদ্‌ঘাটিত হয়নি আট মাসেও, শঙ্কায় পরিবার

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী উপজেলার বাসিন্দা আবু হানিফ গাজী হত্যার আট মাস পেরিয়ে গেলেও এখনো রহস্য উদ্?ঘাটন করতে পারেনি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এই ঘটনায় জড়িত কাউকে শনাক্ত বা গ্রেফতার করা সম্ভব হয়নি। দীর্ঘ সময়েও মামলার উল্লেখযোগ্য অগ্রগতি না হওয়ায় বিচার পাওয়া নিয়ে চরম হতাশা প্রকাশ করেছেন নিহত ব্যক্তির পরিবারের সদস্যরা। তবে মামলার তদন্ত কর্মকর্তা ডিবির উপপরিদর্শক (এসআই) মো. আরিফুল ইসলাম শনিবার বলেন, তাঁরা রহস্য উদ্‌ঘাটনের চেষ্টা করছেন। পুলিশ ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নিহত আবু হানিফ গাজী (৪০) বরিশালের মুলাদী উপজেলার ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে অস্ত্র ও মাদকসহ নারী গ্রেফতার

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুর উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে তিন কেজি গাঁজাসহ এক নারীকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ সময় ঘটনাস্থল থেকে একটি চাপাতি ও একটি ধারালো ছোরা উদ্ধার করা হয়েছে। তবে অভিযানের মূল লক্ষ্য হিসেবে চিহ্নিত মাদক কারবারি নজরুল বেপারী পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যেতে সক্ষম হয়েছে। শনিবার (১৩ জুন) ভোররাত চারটার দিকে উপজেলার ওটরা ইউনিয়নের কেশবকাটি গ্রামে গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে ডিবি পুলিশের একটি বিশেষ দল। দীর্ঘদিনের গোয়েন্দা নজরদারির ৩ এর পাতায় দেখুন

২০২৫ সালে ৫৬% বেসামরিক মৃত্যুর জন্য দায়ী ইসরায়েল

কীর্তনখোলা ডেস্ক

২০২৫ সালে বিশ্বের বিভিন্ন দেশে বেসামরিক মৃত্যুর একটি বড় অংশ ইসরায়েলি সামরিক অভিযানে ঘটেছে। 'এক্সপ্লোসিভ উইপনস মনিটর' নামের সংস্থার তথ্য অনুযায়ী, ওই বছরে ৬৫টি দেশে মোট ২২ হাজার ৬০০ বেসামরিক মানুষ নিহত হন। এর মধ্যে ৫৬ শতাংশ মৃত্যুর জন্য ইসরায়েলি অভিযানকে দায়ী করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৪ সালের তুলনায় বেসামরিক মৃত্যুর সংখ্যা ২১ শতাংশ কমেছে। কিছু এলাকায় যুদ্ধবিরতি থাকায় এই কমতি দেখা গেছে। তবে সংস্থাটি বলছে, মোট সংখ্যা এখনো খুবই বেশি এবং উদ্বেগজনক। প্রতিবেদনে আরও বলা হয়েছে, বিমান থেকে নিক্ষেপ ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদে ভার্চুয়ালি যুক্ত হয়ে খাল খনন উদ্বোধন করলেন গণপূর্ত প্রতিমন্ত্রী

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদের কৌরিখাড়ায় জাতীয় খাল কাটা কর্মসূচির অংশ হিসেবে বিসিক শিল্প নগরীর খাল খনন কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার (১৩ জুন) ভার্চুয়ালি যুক্ত হয়ে এই খনন কাজের উদ্বোধন করেন পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর সুমন। ?পিরোজপুর পানি উন্নয়ন বোর্ডের উদ্যোগে আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে মাঠ পর্যায়ে প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ?পিরোজপুর পানি উন্নয়ন বোর্ডের উপ-প্রকৌশলী আবু জাফর মোহাম্মদ রাশেদ খান জানান, জাতীয় পরিকল্পনার অংশ হিসেবে এই খাল খনন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রাথমিক পর্যায়ে ৫৫০ মিটার দৈর্ঘ্যের এই খালটি ৪২ লাখ ৭৫ হাজার টাকা ব্যয়ে খনন করা ৩ এর পাতায় দেখুন

ভোলায় এক বছরে পানিতে ডুবে ১৬৪ শিশুর মৃত্যু, আহত ৫৬৯

ভোলা প্রতিনিধি

বাড়ির আঙিনায় খেলা করার সময় পাশের একটি ডোবায় পড়ে মৃত্যু হয় ভোলা সদর উপজেলার রাজাপুর ইউনিয়নের বাসিন্দা নুর ইসলাম কবিরাজের দুই বছরের ছেলে শিশু রোমানের। এরপর ওই বাড়িতে দেখা মেলে এক হৃদয়বিদারক দৃশ্য। তাদের আহাজারিতে ভারী হয়ে ওঠে আশপাশের পরিবেশ। শিশু রোমানের মৃত্যু নিয়ে গেল এক বছরে জেলায় পানিতে ডুবে প্রাণ হারানো শিশুর সংখ্যা ১৬৪ জনে। ভোলা সিভিল সার্জন কার্যালয়ের তথ্য অনুযায়ী, গত এক বছরে জেলার নদী, পুকুর, ডোবা ও খালের পানিতে ডুবে মোট ৫৬৯ জন শিশু আহত ৩ এর পাতায় দেখুন

বরিশালে পুলিশের বিশেষ অভিযানে আটক ৩৩

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) অপরাধবিরোধী বিশেষ অভিযানে গত ২৪ ঘণ্টায় সর্বমোট ৩৩ জনকে গ্রেফতার করা হয়েছে। মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে ৪টি থানা ও গোয়েন্দা (ডিবি) পুলিশ পৃথক পৃথক স্থানে এ অভিযান পরিচালনা করে। শনিবার (১৩ জুন) বরিশাল মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী গ্রেফতারের বিবরণ নিচে দেওয়া হলো: মাদক উদ্ধার ও গ্রেফতার: নগরীর বিভিন্ন এলাকায় অভিযান ৩ এর পাতায় দেখুন

আমতলীতে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলী উপজেলা প্রশাসন ও আমতলী উপকূলীয় বন বিভাগের আয়োজনে প্রধানমন্ত্রী ঘোষিত পাঁচ বছরে পচিশ কোটি বৃক্ষ রোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। শনিবার দুপুর ১২ টার দিকে আমতলী উপজেলা পরিষদ চত্বরে একটি জাম গাছের চারা রোপণের মধ্যে দিয়ে কর্মসূচির উদ্বোধন করেন আমতলী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার মো: আশরাফুল ইসলাম। এ সময় আমতলী উপজেলা বিএনপির সাবেক সভাপতি মো: জালাল উদ্দিন ফকির, সাবেক সদস্য সচিব মো: তুহিন মৃধা, পৌর বিএনপির সাবেক আহবায়ক মো: কবির উদ্দিন ফকির, সাবেক সদস্য সচিব জালাল আহম্মেদ খান, এনসিপির আহবায়ক মো: বায়জিদ হোসেন , বন কর্মকর্তা মো: মনিরুল হক, আমতলী প্রেসক্লাবের সভাপতি মো: রেজাউল করিম , সাংবাদিক সমন্বয় পরিষদের সভাপতি মো: জাকির হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

জমি দখল, ভাঙচুর ও নারীকে লাঞ্ছিতের অভিযোগে ব্যাংক কর্মকর্তা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর রুপাতলী এলাকায় জমি দখলের চেষ্টাকে কেন্দ্র করে ভাঙচুর, মারধর, নারীকে লাঞ্ছিত করা এবং নগদ টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগে কোতোয়ালী মডেল থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এ ঘটনায় মামলার অন্যতম আসামি বেসিক ব্যাংকের কর্মকর্তা মো. শামীম খানকে পুলিশ গ্রেফতার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, মামলা নং-২৯/২০২৬ এর আসামি মো. শামীম খানকে শনিবার (১৩ জুন) দুপুর ১টার দিকে কোতোয়ালী মডেল থানা পুলিশ গ্রেফতার করে। তিনি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত সহকারী (পিএস) খাইয়ুল ইসলামের ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে ঝটিকা সফর প্রতিমন্ত্রীর, চরম অসন্তোষ

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের চিকিৎসা সেবা ও প্রশাসনিক কার্যক্রমে চরম অসন্তোষ প্রকাশ করেছেন সেতু ও নৌ পরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান। হাসপাতাল পরিদর্শনকালে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এমরানুর রহমানকে কর্মস্থলে না পেয়ে তাৎক্ষণিক মুঠোফোনে তীব্র ক্ষোভ ঝাড়েন তিনি। শনিবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি আকস্মিক পরিদর্শনে যান প্রতিমন্ত্রী। সেখানে গিয়ে তিনি হাসপাতালের নানা অব্যবস্থাপনা দেখতে পান এবং জানতে পারেন যে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা যথাসময়ে কর্মস্থলে উপস্থিত থাকেন না। এর পরপরই উপস্থিত লোকজনের সামনেই মুঠোফোনে ডাঃ এমরানুর রহমান এর সাথে যোগাযোগ করেন প্রতিমন্ত্রী। ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা যায়, প্রতিমন্ত্রী অত্যন্ত ক্ষুব্ধ কণ্ঠে ওই কর্মকর্তাকে বলছেন- হয় কাজ করবেন, না হয় চলে যাবেন। আমাদের এভাবে বিভ্রান্ত করে লাভটা কী? আপনাকে তো আমরা বেঁধে রাখিনি। আপনার যদি ৩ এর পাতায় দেখুন

মহিপুরে দেড় কেজি গাঁজাসহ ৩ জন গ্রেফতার

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর মহিপুরে মাদকবিরোধী বিশেষ অভিযানে ১ কেজি ৫৪০ গ্রাম গাঁজাসহ তিনজনকে গ্রেফতার করেছে মহিপুর থানা পুলিশ। শুক্রবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার লতাচাপলী ইউনিয়নের নয়ামিশ্রিপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। গ্রেফতারকৃতরা হলেন মো. হারুন ঘরামী (৩০), মোসা. হামিদা বেগম (৪০) এবং মোসা. পারুল বেগম (৪০)। তাদের সকলের বাড়ি মহিপুর থানার নয়ামিশ্রিপাড়া এলাকার ৬ নম্বর ওয়ার্ডে। পুলিশ সূত্রে জানা যায়, নয়ামিশ্রিপাড়া এলাকায় একটি চক্র দীর্ঘদিন ধরে মাদক ব্যবসার সঙ্গে জড়িত রয়েছে বলে গোপন তথ্য পাওয়া যায়। তথ্যের সত্যতা যাচাই শেষে মহিপুর থানার একটি বিশেষ দল সেখানে অভিযান পরিচালনা করে। অভিযানের সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে আলী হোসেন ঘরামী (৪৫) ও আমির হোসেন ৩ এর পাতায় দেখুন

দেশজুড়ে বৃষ্টির আভাস, ৫ দিন পর বাড়বে বর্ষণের প্রবণতা

কীর্তনখোলা ডেস্ক

দেশে মৌসুমি বায়ু মোটামুটি সক্রিয় থাকায় আগামী পাঁচদিনে দেশের বিভিন্ন অঞ্চলে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। লঘুচাপের বর্ধিতাংশটি গাঙ্গেয় পশ্চিমবঙ্গ হয়ে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর প্রভাবে

দেশের কোথাও কোথাও দমকা হাওয়া ও বজ্রসহ বৃষ্টি হতে পারে। আগামী পাঁচদিন পর বৃষ্টিপাতের এই প্রবণতা আরও বাড়তে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। শনিবার (১৩ জুন) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. আব্দুল হামিদ মিয়ার দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অফিস জানায়, আগামী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ৩ এর পাতায় দেখুন

বাজারে স্বস্তি নেই অপরিবর্তিত নিত্যপণ্যের দাম

কীর্তনখোলা রিপোর্ট

২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ঘোষণার পর খুচরা বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে তেমন কোনো পরিবর্তন দেখা যায়নি। চাল, ডাল, পেঁয়াজ, রসুনসহ অধিকাংশ পণ্যই আগের দামে বিক্রি হচ্ছে। তবে গত সপ্তাহের তুলনায় লিটারপ্রতি সয়াবিন তেলের দাম ৫ টাকা বেড়েছে। ব্যবসায়ীরা বলছেন, এই মূল্যবৃদ্ধি বাজেট ঘোষণার আগেই হয়েছে এবং এর সঙ্গে বাজেটের কোনো সরাসরি সম্পর্ক নেই। নগরীর বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বাজারে প্রতি কেজি মসুর ডাল ১০০ থেকে ১৬০ টাকা, পেঁয়াজ ৪০ টাকা, রসুন ১৫০ টাকা এবং বোতলজাত সয়াবিন তেল প্রতি লিটার প্রায় ২০০ টাকায় বিক্রি হতে দেখা যায়। তেলের দাম গত এক সপ্তাহ ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে সাংবাদিকদের দক্ষতা উন্নয়ন এবং তথ্য যাচাই সক্ষমতা বাড়াতে তিন দিনব্যাপী 'এআই ও ফ্যাক্ট চেকিং বিষয়ক প্রশিক্ষণ -কীর্তনখোলা

গৌরনদীতে সাংবাদিকদের জন্য তিন দিনের প্রশিক্ষণ শুরু

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলায় কর্মরত সাংবাদিকদের দক্ষতা উন্নয়ন এবং তথ্য যাচাই সক্ষমতা বাড়াতে তিন দিনব্যাপী 'এআই ও ফ্যাক্ট চেকিং বিষয়ক প্রশিক্ষণ' আয়োজন করেছে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানটির উদ্যোগে প্রশিক্ষণটি ১৩ থেকে ১৫ জুন ২০২৬ পর্যন্ত গৌরনদীতে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণের সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন পিআইবির প্রশিক্ষক জিলহাজ উদ্দিন নিপুন। উদ্ধোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গৌরনদী উপজেলা সহকারী ৩ এর পাতায় দেখুন

ব্রাজিল সমর্থকদের মিছিলে গিয়ে দুর্ঘটনায় যুবক নিহত

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিনে ব্রাজিল ফুটবল দলের সমর্থকদের একটি মিছিলে অংশ নিতে গিয়ে মোটরসাইকেল দুর্ঘটনায় মো. ইসমাইল (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুজন আহত হয়েছেন। শনিবার (১৩ জুন) বিকেলে বোরহানউদ্দিন পৌর শহর এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে। নিহত মো. ইসমাইল উপজেলার কুঞ্জেরহাট এলাকার বাসিন্দা বলে জানা গেছে। বোরহানউদ্দিন থানার পুলিশ ঘটনাটি নিশ্চিত করেন। স্থানীয় সূত্রে জানা যায়, ব্রাজিল দলের সমর্থকদের একটি আনন্দ মিছিলে অংশ নিতে কয়েকজন যুবক মোটরসাইকেলে করে পৌর শহরের দিকে যাচ্ছিলেন। পথে তাদের মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com